গ্রন্থ পর্যালোচনায় দেখা যায় বিশ্বের বড় বড় দেশের পাশাপাশি ই-বর্জ্য বাংলাদেশের জন্যও একটি হুমকি হয়ে দাড়াচ্ছে। ই-বর্জ্যে ব্যবহৃত বিভিন্ন উপাদান মানব স্বাস্থ্যের জন্য অত্যন্ত ঝুকি পূর্ণ। এর প্রভাবে ক্যান্সার, কিডনি জটিলতা, উচ্চরক্তচাপ, মানষিক বিষন্নতা, নার্ভ সিস্টেমের দূর্বলতা, শ্রবনশক্তি হ্রাস, পঙ্গুত্ব, ফুসফুসডেমেজ, হরমোন জটিলতা, বিকলাঙ্গ শিশু জন্মসহ নানাবিদ সমস্যা হতে পারে। গবেষণায় দেখা যায় এসব স্বাস্থ্য ঝুকি সম্পর্কে জনগণের তেমন কোন ধারণা নেই। অথচ দেশে প্রতিবছর ইলেকট্রনিক ও ইলেকট্রিকাল সরঞ্জামাদি ব্যবহার বৃদ্ধিপাচ্ছে ফলে ই-বর্জ্যও বৃদ্ধি পাচ্ছে। গবেষণায় সম্পৃক্ত উত্তরদাতাদের মধ্যে (৭০%) এর ই-বর্জ্য সম্পর্কে ধারণা আছে তবে উত্তরদাতাদের (৭৪%) বলেছে ই-বর্জ্য সম্পর্কে সিটি কর্পোরেশনগুলোর তেমন কোন উদ্যোগ নেই। ই-বর্জ্য সংগ্রহকারী পরিচ্ছন্নতা কর্মী ও ভাংঙ্গারীর দোকানদারদের মতে অধিকাংশ ই-বর্জ্যই বাসা-বাড়ি থেকে আসে। তবে সিটি কর্পোরেশন বলছে বাসা বাড়ি থেকে প্রাপ্ত বর্জ্য যে স্থানে রাখা হয় সেখানে তারা ই-বর্জ্য পাননা কারণ হিসেবে তারা বলেন বর্জ্য সংগ্রহকারীগণ বাসাবাড়ির বর্জ্য সংগ্রহের সময় ই-বর্জ্য আলাদা করে রাখে যা সিটি কর্পোরেশনের বর্জ্যের সাথে যুক্ত করেনা। গ্রন্থ পর্যাপলোচনায় দেখা যায় বর্তমানে ই-বর্জ্য ব্যবস্থাপনায় নির্দিষ্ট কোন আইনি কাঠামো গড়ে উঠেনি, তাই সিটি কর্পোরেশনগুলোও এ বিষয়ে তেমন কোন উদ্যোগ গ্রহণ করেনি। এছাড়া ই-বর্জ্য ব্যবস্থাপনার নির্ধারিত ডাম্পিং স্টেশন না থাকা, দক্ষ জনবল না থাকা, ই-বর্জ্য উৎপাদনের সঠিক পরিমান জানার জন্য বিশেষ গবেষণার স্বল্পতা, ই-বর্জ্য রিসাইকেলিং করার জন্য উদ্যোক্তার অভাবকে সমস্যা হিসেবে গবেষণায় চিহ্নিত করা হয়েছে। পাশাপাশি উত্তরদাতাগণ ই-বর্জ্য ব্যবস্থাপনায় বিশেষ কিছু সুপারিশ উল্লেখ করেছেন। যেমন- ই-বর্জ্যের ক্ষতিকারক দিক সম্পর্কে জন সচেতনতার জন্য প্রচার প্রচারনার ব্যবস্থা করা, ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য নির্দিষ্ট আইন, বিধি, নীতিমালা প্রণয়ন করা, দক্ষ জনবল তৈরি করা, ই-বর্জ্যের উপর বিশেষ গবেষণা পরিচালনা করা, ই-বর্জ্য রিসাইকেলিং করার জন্য উদ্যোক্তা তৈরি করতে প্রনোদনার ব্যবস্থা করা, দ্রুততম সময়ের মধ্যে ই-বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রকল্প তৈরি করে দক্ষ জনবল তৈরি, প্রয়োজনীয় যন্ত্রাংশ সংগ্রহ ও নির্দারিত ডাম্পিং স্টেশন স্থাপন করা ইত্যাদি।

৭.২: ই-বর্জ্যের অর্থনৈতিক সম্ভাব্যতা চিহ্নিত করা:

গবেষণায় দেখা যায় ই-বর্জ্য থেকে যেসব ধাতু ও উপাদান পাওয়া যায় যেমন- লোহা, তামা, সোনা, রূপা, অ্যালুমিনিয়াম, প্যালাডিয়াম ইত্যাদি এসব ধাতু ও উপাদানের অর্থনৈতিক গুরুত্ব রয়েছে। গবেষণায় গ্রন্থ পর্যালোচনায় দেখা যায়, ধারণা করা হচ্ছে বিশ্বে প্রতিবছর ৪ কোটি টনেরও বেশি ইলেকট্রনিক বর্জ্য উৎপাদিত হয়। এসব বর্জ্য পুনব্যবহারযোগ্য উপাদানগুলির মোট মূল্য ৫২০০ কোটি মার্কিন ডলারেরও বেশি। এছাড়া গবেষণায় প্রাপ্ত তথ্যে দেখা যায় বর্তমানে বর্জ্য সংগ্রহকারীগণ বাসা বাড়ি থেকে যেসব ইলেকট্রিকাল ও ইলেকট্রনিক বর্জ্য সংগ্রহ করে তা ভাঙ্গারী দোকানে বিক্রি করে মাসে গড়ে ৮-১০ হাজার টাকা আয় করছে। পাশাপাশি ভাঙ্গারীদোকানগুলো ঐসব বর্জ্য ঢাকা ধোলাইখালে বিক্রি করে মাসে গড়ে ২০-২৫ হাজার টাকা আয় করছে। ই-বর্জ্য পুনব্যবহার করে ইলেকট্রনিক যন্ত্র মেরামতকারী প্রতিষ্ঠান মাসে গড়ে ২৫-৩০ হাজার টাকা আয় করছে। এতে দেখা যায় বাংলাদেশেও ই-বর্জ্যের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করা গেলে এটিকে আয়ের একটি উৎস হিসেবে চিহ্নিত করা যাবে এবং ই-বর্জ্য প্রক্রিয়া করণে অনেক জনবলের কর্মসংস্থানের ব্যবস্থা করা যাবে।

সুপারিশসমূহ

৮.০: ই-বর্জ্যের উপর পূর্ণাঙ্গ গবেষণা পরিচালনঃ

দেশে প্রতি বছর ইলেকট্রনিক ও ইলেকট্রিকাল পণ্যের আমদানী ও রপ্তানির পরিমান, আমদানী ও রপ্তানি কারকদের কাছে ই-বর্জ্য সৃষ্টির পরিমান, বাসা-বাড়ি থেকে বর্জ্য সৃষ্টির পরিমান, বর্জ্য ব্যবস্থাপনায় আইনি কাঠামো, ই-বর্জ্যের ফলে বর্তমানে মানবদেহে খতির পরিমান, ই-বর্জ্য ব্যবস্থাপনায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা, ই-বর্জ্য রিসাইকেলিং এ উদ্যোক্তা সৃষ্টি ও সম্ভাব্য বৈদেশিক বাজার যাচাই, অর্থনৈতিক সম্ভাব্যতা চিহ্নিতকরণ ইত্যাদি বিষয় সম্পৃক্ত করে ব্যপক আকারে বা বিষয়ভিত্তিক ক্ষুদ্র ক্ষুদ্র গবেষণা পরিচালনার মাধ্যমে ই-বর্জ্যের উপর পূর্ণাঙ্গ গবেষণা পরিচালনা করা।

৮.১: ই-বর্জ্য ব্যবস্থাপনায় রাষ্ট্রিয় বিধান তৈরিঃ

দ্রুততম সময়ে পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ সংশোধন করে ই-বর্জ্যের সংজ্ঞা যুক্ত করা এবং আইনের ধারা ২০(২ঝ) এর খমতা বলে ই-বর্জ্য ব্যবস্থাপনার উপর আমদানীকারক বা উৎপাদনকারী, ভোক্তা ও সেবা প্রদানকারী সংস্থার দায়িত্ব কর্তব্য সম্পৃক্তকরে বিধিমালা প্রণয়ন করা এছাড়া স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোর জন্য ই-বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত উপ-প্রবিধান তৈরি করা।

৮.২: ই-বর্জ্যকে সম্পদে পরিনত করাঃ

গবেষণায় দেখা যায়, ই-বর্জ্যের অর্থনৈতিক গুরুত্ব রয়েছে। এজন্য সিটি কর্পোরেশন বাসা-বাড়ি থেকে বর্জ্য সংগ্রহকারী, ভাঙ্গারী ব্যবসায়ী, দোলাইখালের ব্যবসায়ীগণের সমন্বয়ে একটি আন্ত সম্পর্ক বা নেটওয়্যার্ক তৈরি করতে পারে। বিচ্ছিন্ন ভাবে বর্জ্য সংগ্রহ না করে সিটি কর্পোরেশন তাদের জনবলকে প্রশিক্ষিত করে দক্ষ জনবলের মাধ্যমে বর্জ্য সংগ্রহ করবে। এতে সংগৃহীত ই-বর্জ্য ছড়িয়ে ছিটিয়ে না থেকে একটি নির্দিষ্ট স্থানে সংগৃহীত হবে। সংগ্রকারীগণের জন্য কর্পোরেশন থেকে বিশেষ প্রনোদনার ব্যবস্থা করতে পারে। ক্ষুদ্র ব্যবসায়ীগণ সিটি কর্পোরেশন থেকে তাদের চাহিদামত ই-বর্জ্য ক্রয় করতে পারবে। সরকার ও সিটি কর্পোরেশন যৌথ ভাবে ই-বর্জ্যের স্থানীয় বা আন্তর্জাতিক বাজার সৃষ্টি করবে। রিসাইকেলিং করার জন্য উদ্যোক্তা সৃষ্টিতে প্রাথমিক পর্যায়ে সরকারকে বিভিন্ন যেমন-আর্থিক, কাঠামোগত প্রনোদনার ব্যবস্থা করতে হবে। এ প্রক্রিয়ায় জনগণের স্বাস্থ্য ঝুকি কমানো এবং ই-বর্জ্য সম্পদে পরিনত করতে পারে।

৮.৩: প্রচার-প্রচারনাঃ

ই-বর্জ্যের ক্ষতিকর দিকগুলো নিয়ে সিটিকর্পোরেশন বর্জ্য সংগ্রহকারী ও জনগণের জন্য সচেতনতামূলক প্রচার-প্রচারনা চালাতে পারে এক্ষেত্রে দৈনিক পত্রিকা, ইলেকট্রনিক মিডিয়া, বিলবোর্ড, ইলেকট্রনিক বোর্ড ও লিফলেট বিতরণ করতে পারে।

উপসংহারঃ পরিশেষে বলা যায়, আধুনিক সুযোগ সুবিধার অনুষঙ্গ (ইলেকট্রনিক যন্ত্র) ছাড়া আমরা একদিনও চলতে পারব না। যেহেতু এগুলো আমাদের জীবনের সঙ্গে জড়িয়ে আছে কাজেই এসব ধাতু ও উপাদানের অর্থনৈতিক গুরুত্ব রয়েছে সেহেতু এগুলোকে সঠিকভাবে প্রক্রিয়াজাত করে আমাদের চলতে হবে।

গ্রন্থপুঞ্জিঃ

- ইসলাম, মোহাম্মদ মোরশেদুল ‘ই-বর্জ্য বিষয়ক গণসচেতনতাঃ বিশ্ব ও বাংলাদেশ পরিপ্রেক্ষিত, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, সমাজবিজ্ঞান অনুষদ জর্নাল, ভলিউম ২৮, প্রকাশঃ নভেম্বর ২০১৩।
- ইলেকট্রনিক বর্জ্য কত বর সমস্যা?, প্রথম আলো, ২০ সেপ্টেম্বর, ২০১৬।
- ই-বর্জ্যঃ নগরবাসীর ওপর মারাত্মক ক্ষতিকর প্রভাব ফেলছে, কালেরকণ্ঠ, ১৩ ফেব্রুয়ারি, ২০১৯।
- ই-বর্জ্য বিধিমালাঃ বাতিল টিভি, ফ্রিজ কম্পিউটার ‘ফেরত নেবে’ বিক্রেতা, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম, ১৯ মে, ২০১৭।

- বাড়ছে ফেলে দেওয়া ফোন, কম্পিউটার ও যন্ত্রপাতির পাহাড়, বিবিসি নিউজ বাংলা, ৩০ জানুয়ারি ২০১৯।

- বাংলাদেশের বর্জ্য ব্যবস্থাপনা, উইকিপিডিয়া, মুক্ত বিশ্বকোষ।

- দেশে মোবাইল গ্রাহক ১৬ কোটি ছাড়াল, টেকশহর.কম, ২৬ মে, ২০১৯।

- Quddus, Solid Waste Disposal in Dhaka City Vol. 30 No. 1, The Journal of Local Government)

- http://samakal.com/tp-teckline/article/17094290

- http://eeecareer.com/engineering/ (Ahsan Habib)

- https://bn.wikipedia.org/wiki/

- http://bonikbarta.net/bangla/news/2019-03-05/189518

- https://aparadhbichitra.com/news/2017/12/20/

- https://roar.media/bangla/main/world/japan-olympics-medal-from-e-waste

- নাজিম-উদ-দৌলা,শাহ(২০১২) বর্জ্য ব্যবস্থাপনায় বেসরকারি উদ্যোগ: জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা।

- স্থানীয়সরকার (সিটি কর্পোরেশন) আইন ২০০৯, স্থানীয় সরকার বিভাগ: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

- বিসিএস বাংলা ২০১২, প্রফেসর প্রকাশন, ঢাকা।

- নাহার,নূরুন(২০১৪)। ‘সেবাগ্রহীতাদের চাহিদা পূরণে ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্রের সক্ষমতা: দশটি ইউনিয়ন পরিষদের উপরসমীক্ষা। ঢাকা: এনআইএলজি।

পৌর বর্জ্য ব্যবস্থাপনায় চ্যালেঞ্জ ও উত্তরণের উপায়

নুরুল ইসলাম

সার সংক্ষেপ

বর্তমানে বাংলাদেশ জনসংখ্যায় বিশ্বে অষ্টম। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০১৯ সালের উপাত্ত অনুযায়ী এ জনসংখ্যা ১৬ কোটি ৫৭ লাখ এবং জনসংখ্যা বৃদ্ধির হার ১.৩৩%। জনসংখ্যা বৃদ্ধি এবং বৈশ্বিক অস্থিরতার কারণে শহরমূখী মানুষের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। ফলে শহরাঞ্চলে মানবসৃষ্ট বর্জ্য বৃদ্ধির সাথে সাথে বর্জ্য ব্যবস্থাপনার প্রয়োজনীয়তাও বৃদ্ধি পাচ্ছে। আমাদের নিত্য প্রয়োজনীয় জিনিস ব্যবহার বা ভোগ করার পর অব্যবহারযোগ্য যে আবর্জনা তৈরি হয় সেগুলিকে বর্জ্য পদার্থ বলে। বর্জ্য সাধারণত কঠিন, তরল, গ্যাসীয়, বিষাক্ত ও বিষহীন হয়ে থাকে। জীববৈচিত্র রক্ষা, সমস্ত জীবকূলকে রোগের হাত থেকে রক্ষা, পরিবেশ দুষণ ও অবনমন রোধের উদ্দেশ্যে আবর্জনা সংগ্রহ, পরিবহন, প্রক্রিয়াজাতকরণ, পুনব্যবহার এবং নিষ্কাশনের সমন্বিত প্রক্রিয়াকে বর্জ্য ব্যবস্থাপনা বলা হয়। সাধারণত বর্জ্য ব্যবস্থাপনা বলতে বোঝায় বর্জ্য বস্তুর উৎপাদন কমানো। সমন্বিত এবং সম্পূর্ণ বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে তিনটি R নীতি প্রয়োগ করা হয়। তিনটি R নীতি হলো- Reduce (কমানো), Re-use (পুনর্ব্যবহার) এবং Recycle (পুনশ্চক্রীকরণ)। পৌরসভাগুলোতে পরিচ্ছন্নতা শাখায় জনবলের স্বল্পতা রয়েছে। বর্জ্য ব্যবস্থাপনায় অসহযোগিতা পৌরসভা আইনে আমলযোগ্য অপরাধ হলেও অধিকাংশ পৌরসভা তা প্রয়োগে অনাগ্রহী। পরিচ্ছন্নতাকর্মীদের সুরক্ষা সামগ্রী, আধুনিক পরিচ্ছন্নতা সামগ্রী ও যানবাহন, পরিদর্শন ও তদারকির জন্য যানবাহনের অপ্রতুলতা রয়েছে। পরিচ্ছন্নতা কর্মীদের মজুরী বর্তমান বাজার দর এবং সরকার নির্ধারিত হারের চেয়ে অনেক কম। তাদেরকে স্বাস্থ্য ও এমনকি জীবনের ঝুঁকি নিয়ে ঝুঁকি ভাতা এবং ওভার টাইম মজুরী ছাড়াই নির্ধারিত সময়ের অতিরিক্ত কাজ করতে হয়। নগরবাসী ও অন্যান্য অংশীজনের মধ্যে সচেতনতার অভাব রয়েছে। বর্জ্য ব্যবস্থাপনা মূলত একটি চ্যালেঞ্জিং বিষয়। বাংলাদেশের মোট বর্জ্যের সিংহভাগ উৎপাদিত হয় শহরে □ ফলে শহরের বর্জ্য সংগ্রহ করে তা ডাম্পিং করার পরিবর্তে পরিকল্পিত সমন্বিত বর্জ্য ব্যবস্থাপনা প্রয়োজন।

১। ভূমিকা:

পৌরসভা বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার ব্যবস্থার শহর এলাকার সরকার এর মধ্যে নিম্নস্তরের প্রশাসনিক এলাকা। ভারতীয় উপমহাদেশে সর্বপ্রথম পৌর প্রতিষ্ঠান গঠনের লক্ষ্যে আইন পাস হয় ১৮৪২ সালে। ১৯৩২ সালে অবিভক্ত বাংলায় প্রবর্তিত বঙ্গীয় পৌরসভা আইন বা বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট। স্বাধীন বাংলাদেশে পৌরসভা অধ্যাদেশ জারি হয় ১৯৭৭ সালে। বাংলাদেশের স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ অনুসারে বাংলাদেশের পৌরসভাগুলো প্রতিষ্ঠিত ও পরিচালিত। পৌরসভা আইন ২০০৯ অনুযায়ী বাংলাদেশের কোন এলাকা পৌরসভা ঘোষণা করা যেতে পারে যদি ঐ এলাকার তিন চতুর্থাংশ লোক অকৃষিজ পেশায় নিয়োজিত থাকে, শতকরা ৩৩ ভাগ ভূমি হবে অকৃষিজ প্রকৃতির এবং জনসংখ্যার ঘনত্ব প্রতি বর্গ কিলোমিটারে গড়ে একহাজার পাঁচশত জনের কম নয় এবং ঐ এলাকার মোট জনসংখ্যা ৫০ হাজারের কম হইবে না। পৌরসভার মূল দায়িত্ব হল স্ব-স্ব এলাকাভুক্ত নাগরিকগণের এই আইন ও অন্যান্য আইনের দ্বারা প্রতিষ্ঠিত বিধান অনুসারে সকল প্রকার নাগরিক সুবিধা প্রদান করা। দ্রুত নগরায়নের ফলে মানুষ বেশি পরিমাণ শহরমুখী হচ্ছে। ক্রমবর্ধমান নগরগামিতার কারণে বর্জ্যের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে পৌর বর্জ্য ব্যবস্থাপনা একটি বিরাট চ্যালেঞ্জের নাম। বাংলাদেশে তিন ধরণের পৌরসভা রয়েছে যথাঃ ক শ্রেণি, খ শ্রেণি এবং গ শ্রেণি। পৌরসভার শ্রেণিভেদে যেমন চ্যালেঞ্জের ভিন্নতা রয়েছে। তেমনি অবস্থানভেদেও চ্যালেঞ্জের রকমফের লক্ষ করা যায়।

২। সাহিত্য পর্যালোচনা:

রহমান ও অন্যান্য (২০১৯) "পরিবেশ বিপর্যয়, বর্জ্য ব্যবস্থাপনা ও অর্থনৈতিক মুক্তি" শীর্ষক গবেষণায় দেখিয়েছেন যে বর্তমানে বাংলদেশে বর্জ্য সৃষ্টির পরিমাণ প্রতি বছর প্রায় ২২.৪ মিলিয়ন টন, অর্থাৎ মাথাপিছু ১৫০ কিলোগ্রাম। এ হার ক্রমাগত বেড়েই চলেছে। এভাবে চলতে থাকলে, ২০২৫ সালে দৈনিক প্রায় ৪৭ হাজার ৬৪ টন বর্জ্য উৎপন্ন হবে। এতে করে মাথাপিছু হার বেড়ে দাঁড়াবে ২২০ কিলোগ্রাম। ফলে এখনই প্রয়োজন সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনায় উদ্যোগ নেওয়া। বর্জ্য ব্যবস্থাপনা বলতে আবর্জনা সংগ্রহে পরিবহন, প্রক্রিয়াজাতকরণ, পুনর্ব্যবহার ও নিষ্কাশনের সমন্বিত ব্যবস্থা। বর্জ্য পদার্থের আধুনিক ও নিরাপদ অপসারণ ব্যবস্থার অপ্রতুলতা বাংলাদেশের অন্যতম পরিবেশগত সমস্যা।

অপরিকল্পিত নগরায়ন প্রক্রিয়ায় বিক্ষিপ্তভাবে গড়ে উঠেছে ঘরবাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান ও শিল্পকারখানা। এসব অবকাঠামোর জন্য বেশিরভাগ ক্ষেত্রে বর্জ্য নিষ্কাশনের আধুনিক ও বিজ্ঞানসম্মত সুষ্ঠু ব্যবস্থা নেই। ফলে অসংখ্য মানুষের বাসগৃহ থেকে প্রচুর পরিমাণ গৃহস্থালি বর্জ্য প্রতিদিন এখানে-সেখানে নিক্ষিপ্ত হচ্ছে। কঠিন বর্জ্য অপসারণের ব্যবস্থাও অত্যন্ত নাজুক ও সেকেলে। বর্জ্য পদার্থকে রাস্তার পাশে এখানে-সেখানে স্তুপ করে রাখা হয়, এবং তা পচে-গলে বাতাসকে মারাত্মক দূষিত করে। বর্ষা মৌসুমে এ পরিস্থিতি আরও ভয়াবহ রূপ ধারণ করে। ডাস্টবিন উপচে কঠিন বর্জ্য রাস্তার পাশের ড্রেনে পড়ে পয়ঃনিষ্কাশন ব্যবস্থাকে সম্পূর্ণ অচল করে দেয়। জনসংখ্যা বৃদ্ধির কারণে বর্জ্য ব্যাবস্থাপনার বিষয়টি জটিল রূপ ধারণ করছে। গাদাগাদি করে বসবাস করা অসংখ্য মানুষের বাসগৃহ থেকে বিপুল পরিমাণ গৃহস্থালী বর্জ্য প্রতিনিয়ত এখানে-সেখানে নিক্ষিপ্ত হচ্ছে। এছাড়া উন্মুক্ত স্থান থেকেও বিপুল পরিমাণ কঠিন ও তরল আবর্জনা প্রতিনিয়ত বর্জ্য ব্যাবস্থাপনাকে জটিল করে তুলছে। রান্নাঘরের পরিত্যক্ত আবর্জনা, হাটবাজারের পচনশীল শাকসবজি, মিল-কারখানার তৈলাক্ত পদার্থ, কসাইখানার রক্ত, ছাপাখানার রং, হাসপাতালের বিষাক্ত বর্জ্য পদার্থের নিরাপদ অপসারণ নিশ্চিত না হওয়ায় বর্জ্য ব্যবস্থাপনা হয়ে উঠেছে আরও ঝুঁকিপূর্ণ।

বর্তমানে সময়ে কৃষিক্ষেত্রে রাসায়নিক সার ও কীটনাশকের ব্যবহার এবং আধুনিক জীবনযাপনে ব্যবহৃত অ্যালুমিনিয়াম ফয়েল প্যাকেটজাত খাবারের কৌটার ব্যবহারে পুরো বর্জ্য ব্যবস্থাপনার পরিধি ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। ফলে রোগ বিস্তারকারী ব্যাকটেরিয়া ও বিষাক্ত ধাতব পদার্থগুলো জনস্বাস্থ্য এবং পরিবেশের মারাত্মক ক্ষতি করে চলেছে। আমাদের চারপাশে প্রতিনিয়ত এরকম উল্লেখযোগ্য বিভিন্ন বর্জ্য হচ্ছে- পৌর এলাকার বর্জ্য, বাণিজ্যিক ও শিল্প এলাকার বর্জ্য, পচনশীল ও অপচনশীল আর্বজনা, রান্নাঘরের বর্জ্য, পারমাণবিক আর্বজনা ইত্যাদি। এসব বর্জ্যের কারণে পরিবেশ দূষিত হওয়ার মাত্রা আশঙ্কাজনক হারে বেড়েছে। শিল্প বর্জ্য, মেডিকেল বর্জ্য, প্রাণীজ বর্জ্যসহ বিভিন্ন রাসায়নিক বর্জ্যে দুষিত হচ্ছে বায়ু, পানি, মাটি, ইত্যাদি। এর প্রভাব পড়ছে জীববৈচিত্র্যের ওপর। পড়ছে জলবায়ুর ওপর প্রতিকূল প্রভাব। জলবায়ু পরিবর্তনে বিভিন্ন প্রাণীর জটিল ও কঠিন রোগ দেখা দিচ্ছে। পরিবেশের ওপর জলবায়ুর প্রভাবের জন্য ভাইরাস ও ব্যাকটেরিয়াজনিত এবং খাদ্যাভাবজনিত রোগসহ নানা জটিল ও অপরিচিত রোগ হয়ে থাকে। বেড়ে গেছে প্রাকৃতিক দুর্যোগ। আমাদের চারপাশের পরিবেশের এ বিপর্যয়ের একটি অন্যতম কারণ হচ্ছে বায়ু দুষণ। এটি দিন দিন বেড়েই চলেছে। বাংলাদেশে ২২ শতাংশ মানুষ বাতাসে ভাসমান বস্তুকণা ও ৩০ শতাংশ মানুষ জ্বালানি সংশ্লিষ্ট দূষণের শিকার।

আমাদের দেশ বায়ুদূষণের বড় কারণ সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনার অভাব। বায়ু দূষণের ফলে শ্বাসতন্ত্রের নানাবিধ রোগ, যেমন- হাঁচি, কাশি, শ্বাসকষ্ট, নাক দিয়ে পানি পড়া থেকে শুরু করে ক্রনিক ব্রঙ্কাইটিস, হার্ট অ্যাটাক ও ক্যান্সারের মতো প্রাণঘাতী রোগ সৃষ্টি হচ্ছে। বায়ু দূষণ ছাড়াও বর্জ্য অব্যবস্থাপনা মাটির উৎপাদন ক্ষমতা হ্রাস করছে। যা ভূমিক্ষয়সহ মাটির গুণগত পরিবর্তন ঘটায় ও এর বন্ধনকে দুর্বল করে। ভূমিক্ষয় ও ভূমি অপসারণ দুটি প্রক্রিয়াই মাটিকে ক্রমশ অনুর্বর করে তোলে। এতে প্রাকৃতিক বাস্তুসংস্থানের ভারসাম্যও বিনষ্ট হয়। বাংলাদেশে উৎপাদিত মোট পশুসম্পদ বর্জ্যের প্রায় ৯০ শতাংশই মানুষ জ্বালানির কাজে ব্যবহার করছে। ফলে একদিকে যেমন এটি পরিবেশের জন্য হুমকি হয়ে দাঁড়িয়েছে, অন্যদিকে কৃষকরা সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে অর্জিত অর্থনৈতিক লাভ থেকে বঞ্চিত হচ্ছে।

উৎপল (২০১৯) বলেছেন নগর বা পৌর এলাকার কঠিন বর্জ্যের সুবিশাল কর্মযজ্ঞ সুষ্ঠু ব্যবস্থাপনার আওতায় আনার জন্য সরকার বিভিন্ন সময় জাতীয় পর্যায়ে বিভিন্ন সেক্টরের মাধ্যমে ব্যবস্থাপনা কৌশল, নীতিমালা, আইন ও বিধি এবং পরিকল্পনা গ্রহণ করেছে। কঠিন বর্জ্য ব্যবস্থাপনার সঙ্গে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পর্কিত উল্লেখযোগ্য ভিন্ন ভিন্ন ২০টি নীতিমালা, আইন ও বিধি, কৌশলপত্র এবং পরিকল্পনা রয়েছে। 3R কৌশল বাস্তবায়নের জন্য অগ্রগণ্য সেক্টরগুলো হচ্ছে পাঁচটি, যথাক্রমে : (১) পৌর এলাকার কঠিন বর্জ্য, (২) শিল্প বর্জ্য, (৩) হাসপাতালের জৈব বর্জ্য, (৪) বাণিজ্যিক ও প্রশাসনিক এলাকার বর্জ্য, (৫) কৃষি বর্জ্য। 3R কৌশলকে কার্যকরভাবে প্রয়োগ করতে হলে প্রথম শর্ত হচ্ছে, উৎপন্ন বর্জ্যগুলো সংগ্রহ করার উৎসমুখেই তার ভৌত, জৈব ও রাসায়নিক উপাদান অনুযায়ী পৃথক করে ফেলা। সচরাচর, তিনটি স্তরে এই পৃথকীকরণ সম্পন্ন করা হয়, যেমন : (১) বসতবাড়ির স্তরে (২) পৌর পরিচ্ছন্নতা কর্মী কর্তৃক সংগ্রহ ও পরিবহনকালীন স্তর এবং (৩)

বর্জ্যের ভাগাড় স্তরের। উল্লেখ্য, বাংলাদেশের পৌর এলাকার কঠিন বর্জ্য ব্যবস্থাপনার ৮০ শতাংশ বর্জ্যকে ৩ আর কৌশলের মাধ্যমে হ্রাসকরণ ও পুনঃপ্রক্রিয়াজাত করে পুনঃব্যবহার উপযোগী করা সম্ভব। জনাব উৎপলের মতে, বাংলাদেশে নগর বর্জ্য ৭০-৭৫ শতাংশ বিদ্যমান প্রযুক্তির সহায়তায় ৩ আর /৫ আর প্রক্রিয়ায় পুনর্ব্যবহার উপযোগী করা সম্ভব। বাকি ২৫-৩০ শতাংশ বর্জ্যকে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে উৎপাদন, প্রতিরোধ,হ্রাসকরণ, পুনঃপ্রক্রিয়াকরণ ও পুনর্ব্যবহার করা সম্ভব।

মাকসুদ ও অন্যান্য (২০১৭) “পৌর বর্জ্য ব্যবস্থাপনার আইনি কাঠামো ও বর্জ্যজীবীদের জীবন” শীর্ষক গবেষণায় উল্লেখ করেছেন যে, বাংলাদেশের ৫২২টি নগর ও শহর যা দ্রুত অর্থনৈতিক ও জনসংখ্যা বৃদ্ধির কেন্দ্র এবং এসব শহর ও নগরে দৈনিক হাজার হাজার টন গৃহস্থালি, শিল্প, বাণিজ্যিক, হাসপাতাল বর্জ্য তৈরি হচ্ছে। বর্জ্য সংগ্রহের কমহার, বর্জ্য সংগ্রহ ও স্থানান্তরের জন্য পরিবহনের অভাব, বর্জ্য পরিশোধন, রিসাইক্লিং ও ফেলার সুবিধার অভাব এসব জনস্বাস্থ্য ও পরিবেশের প্রতি হুমকি সৃষ্টি করছে। উক্ত গবেষণায় আরো বলা হয়েছে যে বর্জ্যজীবীরা বর্জ্য সামগ্রী সংগ্রহের সময় নানাভাবে শারীরিকভাবে আহত হয় এবং দূর্ঘটনার শিকার হয়। তারা ধারাল বস্তু ভাঙ্গা কাঁচ এবং মেডিকেল বর্জ্য দ্বারা নানাভাবে আহত ও আক্রান্ত হয়। তাদের কাজ সর্বদাই ঝুঁকিপূর্ণ। প্রায়ই যার পরিণতি শারীরিক প্রতিবন্ধিত্ব। এই জনগোষ্ঠী অত্যন্ত খারাপ পরিবেশে খালি হাতে ও খালি পায়ে বর্জ্য সংগ্রহ করার ফলে তারা নিয়মিতই বিভিন্ন ধরনের রোগের শিকার হয়ে থাকে। বাংলাদেশে আনুমানিক ৪ লক্ষ বর্জ্যজীবী রয়েছে মর্মে গবেষণায় উল্লেখ করা হয়েছে। আরো বলা হয়েছে শুধুমাত্র ঢাকাতেই প্রায় ১২০,০০০ দরিদ্র মানুষ পুনঃচক্রায়ন বাণিজ্যিক কর্মকান্ডের বিভিন্ন পর্যায়ের সাথে জড়িত আছে। ক্ষতিকর ও দূর্গন্ধযুক্ত বর্জ্য সংগ্রহ, ঠিক জায়গামত নিয়ে ফেলা এবং রিসাইক্লিং-এ এসব মানুষদের অবদান অসামান্য। গবেষণাটিতে গৃহস্থালী, শিল্প, বাণিজ্যিক, নির্মাণ কর্মকাণ্ডে সৃষ্ট বর্জ্য বা ময়লাকে বর্তমানে সম্পদ হিসেবে বিবেচনা করা হয় মর্মে উল্লেখ করা হয়েছে ।

আলম (২০১৬) এর মতে ডেস্কটপ, ল্যাপটপ ও ট্যাবলেট কম্পিউটার, মনিটর, প্রিন্টার, ফটোকপিয়ার, টেলিভিশন সেট, ভিসিডি-ডিভিডি প্লেয়ার, ওয়াশিং মেশিন, মাইক্রোওয়েভ ওভেন, রেফ্রিজারেটর, নানা ধরনের ইলেকট্রনিক ও ইলেকট্রিক খেলনা, ডিজিটাল ক্যামেরা, বিদ্যুৎসাশ্রয়ী বাতি, আধুনিক মানুষের দৈনন্দিন ব্যবহার্য সব ধরনের যন্ত্রপাতির ব্যবহার বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও অনেক বেড়েছে এবং দ্রুতগতিতে বেড়ে চলেছে। এ সকল ইলেকট্রিক ও ইলেকট্রনিক যন্ত্রপাতির ব্যবহারের মেয়াদ শেষ হয়ে গেলে সেগুলো যে বর্জ্য পদার্থে পরিণত হয় এবং সেসব বর্জ্যেরও যে সুব্যবস্থাপনা দরকার এই সচেতনতা এ দেশে গড়ে ওঠেনি। এমনকি ইলেকট্রনিক বর্জ্য (ই-বর্জ্য) কথাটাই এ দেশের অধিকাংশ মানুষের এখনো অজানা রয়ে গেছে।

তিনি বলেছেন অনেক ধনী ও চালাক দেশ তাদের ইলেকট্রনিক বর্জ্য নানা কারসাজির মাধ্যমে রপ্তানি করছে উন্নয়নশীল দেশগুলোতে। তিনি আরো বলেছেন “জাতিসংঘের পরিবেশ কর্মসূচির (ইউএনইপি) বরাত দিয়ে লন্ডনের গার্ডিয়ান পত্রিকা ২০১৫ সালের মে মাসে এক প্রতিবেদনে লিখেছে, ২০১৪ সালে পৃথিবীতে মোট উৎপাদিত ইলেট্রনিক বর্জ্যের পরিমাণ ছিল ৪ কোটি ২ লাখ মেট্রিক টন। যার সিংহভাগ উৎপন্ন হয়েছে ইউরোপ-আমেরিকার উন্নত দেশগুলোতে, কিন্তু ৯০ শতাংশই রপ্তানি বা ‘ডাম্প’ করা হয়েছে এশিয়া ও আফ্রিকার উন্নয়নশীল দেশগুলোতে। আন্তর্জাতিক পরিবেশ সংগঠন গ্রিনপিস এর বরাত দিয়ে লিখেছেন, উন্নত দেশগুলো তাদের উৎপাদিত ইলেকট্রনিক বর্জ্য উন্নয়নশীল দেশগুলোতে রপ্তানি করে আসছে এক দশকেরও বেশি সময় ধরে। ব্যবহৃত বা সেকেন্ডহ্যান্ড কম্পিউটার, মুঠোফোন ইত্যাদি ইলেকট্রনিক যন্ত্রপাতি তারা এশিয়া ও আফ্রিকার অপেক্ষাকৃত উন্নয়নশীল দেশগুলোতে রপ্তানি বা পাচার করার মাধ্যমে সেগুলো নিষ্কাশনের উপায় খোঁজে। জনাব আলম এর মতে বাংলাদেশে সস্তা ও স্বল্পস্থায়ী মুঠোফোন, কম্পিউটার ইত্যাদি ইলেকট্রনিক পণ্য আসে মূলত চীন, দক্ষিণ, কোরিয়া, মালয়েশিয়া, সিঙ্গাপুর থেকে। অতিরিক্ত জনঘনত্বের এই দেশে ইলেকট্রনিক বর্জ্য ভবিষ্যতে বড় সমস্যা হয়ে উঠতে পারে। ইলেকট্রনিক বর্জ্য সঠিকভাবে সংগ্রহ, পুনঃপ্রক্রিয়া ও নিষ্কাশন করা না হলে মাটি, পানি, বাতাসসহ পুরো প্রাকৃতিক পরিবেশই মানবস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ হয়ে উঠতে পারে।

ইলেকট্রনিক যন্ত্রপাতিতে ব্যবহৃত সিসা, সিসার অক্সাইড, পারদ, ক্যাডমিয়াম, বেরিলিয়াম, বেরিয়ামসহ নানা ধরনের ভারী ধাতু ও রাসায়নিক পদার্থ থাকে, যেগুলো মানুষের স্নায়ুতন্ত্র, যকৃৎ, বৃক্ক, ফুসফুস, মস্তিষ্ক, ত্বক, পরিপাকতন্ত্র ও রোগপ্রতিরোধ ব্যবস্থার জন্য ক্ষতিকর। ইলেকট্রনিক বর্জ্যের পাহাড় একটা সময় আমাদের জন্য এক বিরাট অভিশাপ হয়ে উঠতে পারে।

৩। সমীক্ষার যৌক্তিকতা

মানবসৃষ্ট বর্জ্য সুষ্ঠু আবাসন ব্যবস্থাপনার একটি অবিচ্ছেদ্য অংশ। অবস্থাভেদে এই বর্জ্য কঠিন, তরল ও বায়বীয় হয়। এ সকল বর্জ্য মানুষের জন্য বিভিন্ন ধরণের সমস্যা সৃষ্টি করে । বিশ্বব্যাপী দ্রুত বর্ধনশীল নগরায়ণে বর্জ্যের 'সঠিক ও কার্যকর ব্যবস্থাপনা' হচ্ছে নগর প্রশাসনের জন্য একটি চ্যালেঞ্জ। এই চ্যালেঞ্জ সামনে রেখে ২০১৮ সালের বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য ‘পৌর এলাকার কঠিন বর্জ্য ব্যবস্থাপনা’। ২০১৯ সালের বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য বিষয় ‘বর্জ্যকে সম্পদে পরিণত করতে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার’। ২০২০ সালের বিশ্ব বসতি দিবসের প্রতিপাদ্য বিষয় ‘সবার জন্য আবাসন : ভবিষ্যতের উন্নত নগর’। ২০১০ সালে জাতিসংঘ কর্তৃক পরিচালিত একটি সমীক্ষা অনুযায়ী, সারাবিশ্বে জনপ্রতি বর্জ্য উৎপাদন হয় গড়ে আটশ' গ্রাম করে। সে অনুযায়ী ২০২৫ সাল নাগাদ বিশ্বের সম্মিলিত মানুষ্য সৃষ্ট বর্জ্য উৎপাদন হতে পারে প্রায় ৫.৯ মিলিয়ন টন। সারাবিশ্বে নগর, নগরের সাধারণ অধিবাসী, স্থানীয় সরকার থেকে শুরু করে জাতীয় স্তরের সরকারের জন্য নগর এলাকার প্রশাসনিক ব্যবস্থাপনার অন্যতম মূল এজেন্ডা হচ্ছে এই বর্জ্য। বর্জ্য ব্যবস্থাপনার খাতে নগর বাজেটে বরাদ্দও থাকে সর্বোচ্চ পর্যায়ে। বিশ্বব্যাপী সব সরকার কর্তৃক গৃহীত গুরুত্বপূর্ণ তিনটি দলিল হচ্ছে- যথাক্রমে ১) টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals), ২) জলবায়ু পরিবর্তনের উপর প্যারিস চুক্তি (Paris Agreement Climate Change), ৩) নতুন নগর আলোচ্যসূচি কার্যক্রম (New Urban Agenda)। ওই তিনটি দলিলের গৃহীত প্রস্তাবনায় নগরের কঠিন বর্জ্য ব্যবস্থাপনাকে কেন্দ্রীয় বিবেচ্য বিষয় হিসেবে বিবেচনায় নেওয়া হয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্ট-১১ (SDG-11)-এর লক্ষ্য হচ্ছে, অন্তর্ভুক্তিমূলক, নিরাপদ, অভিঘাত সহনশীল এবং টেকসই নগর ও জনবসতি গড়ে তোলা। অভীষ্ট-১১ এর উপধারা ৬ (SDG- 11.6) এর লক্ষ্যমাত্রার ক্ষেত্রে বলা হয়েছে যে, 'বায়ুর গুণাগুণ এবং পৌর ও অন্যান্য বর্জ্য ব্যবস্থাপনার প্রতি বিশেষ মনোযোগ প্রদানসহ অন্যান্য উদ্যোগের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে নগরগুলোর মাথাপিছু পরিবেশগত প্রভাব কমিয়ে আনা।' আলোচ্য লক্ষ্যমাত্রার ওপর কর্মসম্পাদন পরিমাণকল্পে প্রস্তাবিত বৈশ্বিক সূচক SDG-11.6.1 অনুযায়ী 'বিভিন্ন নগরভেদে নগর হতে নির্গত কঠিন বর্জ্য নিয়মিত সংগ্রহের হার এবং সংগৃহীত মোট কঠিন বর্জ্য উপযুক্তভাবে নিক্ষেপণের হারের অনুপাত নির্ধারণ করা।

বিগত শতক ধরে বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধি বছরে ৬ শতাংশের বেশি। ব্রিটেনের অর্থনৈতিক গবেষণা সংস্থা সেন্টার ফর ইকোনোমিক্স এন্ড বিজনেস রিসার্চ তাদের সর্বশেষ এক রিপোর্টে বলেছে “বর্তমানে বাংলাদেশ যে ধরণের অর্থনৈতিক বিকাশের মধ্য দিয়ে যাচ্ছে তা অব্যাহত থাকলে ২০৩৫ সাল নাগাদ দেশটি হবে বিশ্বের ২৫তম বৃহৎ অর্থনীতি”। 'ওয়ার্ল্ড ইকোনমিক লিগ টেবল ২০২১' নামের এই রিপোর্টটি শুক্রবার, ২৫ অক্টোবর, ২০২০ প্রকাশ করা হয়। এতে মূলত সামনের বছর এবং আগামী ১৫ বছরে বিশ্বের কোন দেশের অর্থনীতি কী হারে বাড়বে, তারই পূর্বাভাস দেয়া হয়েছে। সিইবিআর প্রতিবছর এই রিপোর্ট প্রকাশ করে। এই রিপোর্ট অনুযায়ি আর মাত্র ৭ বছর পর পরেই চীন হবে বিশ্বের বৃহত্তম অর্থনীতি। ২০৩০ সালে ভারত হবে তৃতীয়। আর ২০৩৫ সাল নাগাদ ১৯৩টি দেশের মধ্যে বাংলাদেশের অবস্থান বহু ধাপ উপরে উঠে পৌঁছে যাবে ২৫ নম্বরে। নগরায়ণের ঊর্ধ্বগতি এবং সরকারের শিল্পবান্ধব নীতির কারণে বাংলাদেশ উন্নত দেশে রূপান্তরিত হওয়ার যাত্রা শুরু করেছে। বিশেষ করে গার্মেন্টস ও চামড়া শিল্প ক্রমাগত বিস্তার লাভ করছে। একমাত্র, গার্মেন্ট শিল্পে বর্তমানে চার হাজারের বেশি কারখানা প্রায় তিন মিলিয়ন বা ত্রিশ লাখ কর্মসংস্থান হয়েছে। এই বাস্তবতার নীরিখেই, বাংলাদেশে নগরায়ণের হার দ্রুত বৃদ্ধি পেয়েছে। বিদ্যমান নগর অঞ্চলকে কেন্দ্র করে এই হার প্রায় ৩০ শতাংশ। দ্রুত শিল্পায়ন ও নগরায়ণ এবং মাত্রাপিছু আয় বৃদ্ধি পাওয়ার সঙ্গে সঙ্গে বৃদ্ধি পাচ্ছে বিভিন্ন ধরনের ভোগ্যপণ্যের ব্যবহার। সেই সঙ্গে, অবশ্যম্ভাবী অপজাত হিসেবে দৃশ্যমান হচ্ছে বিভিন্ন ধরনের কঠিন বর্জ্য। ‘ধরা হয়, বাংলাদেশে প্রতিদিন ১৩,৩৩২ টন বর্জ্য উৎপন্ন হচ্ছে, অর্থাৎ বছরের

হিসাবে যা প্রায় ৪.৮৬ মিলিয়ন টন। পূর্বাভাস দেওয়া হচ্ছে, ২০২৫ সাল নাগাদ বিদ্যমান প্রবৃদ্ধির ফলে চলমান নগরায়ণ ও শিল্পায়ন ধারা অব্যাহত থাকবে এবং প্রতিদিন বর্জ্য উৎপন্ন হতে পারে ৪৭,০০০ টন; অর্থাৎ বছরে ১৭.২ মিলিয়ন টন’ (উৎপল, ২০১৯)। এই সুবিশাল বর্জ্য ব্যবস্থাপনায় একটি ব্যাপক কর্মকাণ্ড প্রয়োজন।

৪। সমীক্ষার উদ্দেশ্য

এ সমীক্ষার সুনির্দিষ্ট উদ্দেশ্য হলো:

- পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার স্বরূপ ব্যাখ্যা করা;
- পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনায় আইনগত বিধি বিধান ব্যাখ্যা করা; এবং
- পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনায় চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে উত্তরণের উপায় খুঁজে বের করা।

৫। সমীক্ষা পদ্ধতি

৫.১ উপাত্ত সংগ্রহ পদ্ধতি

সমীক্ষাটিতে প্রাথমিক ও দ্বিতীয় উভয় স্তরের উপাত্ত ব্যবহার করা হয়েছে। উপাত্ত সংগ্রহ করতে গুণগত গবেষণা পদ্ধতি ব্যবহার করা হয়েছে। প্রাথমিক স্তরের উপাত্ত সংগ্রহে নিম্নোক্ত পদ্ধতি গ্রহণ করা হয়েছে:

- বিভিন্ন বর্জ্য ব্যবস্থাপনা বিশেষজ্ঞ এর সাথে একান্ত সাক্ষাৎকার;
- বর্জ্য ব্যবস্থাপনা কাজে নিয়োজিত দক্ষ কর্মকর্তা, কর্মচারী ও জনপ্রতিনিধিগণের সাথে একান্ত সাক্ষাৎকার;
- বিভিন্ন স্তরের প্রশিক্ষক ও অনুষদ সদস্যের সাথে একান্ত সাক্ষাৎকার;
- পৌরসভার সচিব, কনজারভেন্সি ইন্সপেক্টর ও সিবিও সদস্যগণের সাথে ফোকাস গ্রুপ ডিসকাসন; এবং
- জাতীয় পর্যায়ে সকল স্তরের অংশীজনের সাথে মতবিনিময়।

দ্বিতীয় স্তরের উপাত্ত সংগ্রহে নিম্নোক্ত পদ্ধতি গ্রহণ করা হয়েছে:

- বর্জ্য ব্যবস্থাপনা ও পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত বিভিন্ন আইন, বিধিমালা ও পরিপত্র পর্যালোচনা; এবং
- বর্জ্য ব্যবস্থাপনার উপর দেশী-বিদেশী বিভিন্ন প্রকাশনা (বই, প্রবন্ধ, ইত্যাদি) পর্যালোচনা।

সারণি-১: উত্তরদাতাগণের ধরণ।

উপাত্ত সংগ্রহ পদ্ধতি	উত্তরদাতা	সংখ্যা	মোট
একান্ত সাক্ষাৎকার	বর্জ্য ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	৪	২০
	পৌরসভার মেয়র	৪	
	পৌরসভার সচিব	৪	
	কনজারভেন্সি ইন্সপেক্টর	৪	
	বিভিন্ন স্তরের প্রশিক্ষক ও অনুষদ সদস্য	৪	
ফোকাস গ্রুপ ডিসকাসন	পৌরসভার সচিব	২০	৬০
	কনজারভেন্সি ইন্সপেক্টর	২০	
	সিবিও সদস্য	২০	
মতবিনিময়	বিভিন্ন স্তরের প্রশিক্ষক ও অনুষদ সদস্য	২৪	৪০
	বর্জ্য ব্যবস্থাপনা বিশেষজ্ঞ	৫	
	পৌরসভার মেয়র	২	
	পৌরসভার কাউন্সিলর	১	
	পৌরসভার সচিব	৩	
	পৌরসভার মেডিকেল অফিসার	১	
	পৌরসভার প্রশাসনিক কর্মকর্তা	১	
	কনজারভেন্সি ইন্সপেক্টর	৩	

৫.২ সমীক্ষা এলাকা

সমীক্ষাটিতে মোট ২১টি পৌরসভা হতে উপাত্ত সংগ্রহ কার হয়েছে। সমীক্ষা এলাকা নির্বাচনে উদ্দেশ্যমূলক নমুনায়ন করা হয়েছে। বাংলাদেশে বর্তমানে ৩২৮টি পৌরসভা রয়েছে যার মধ্যে ১৯২টি ক শ্রেণি, ৯৭টি খ শ্রেণি ও ৩৯টি গ শ্রেণি পৌরসভা। ধরে নেয়া হয়েছে যে ক শ্রেণির পৌরসভায় বেশি পরিমাণ বর্জ্য উৎপন্ন হয় এবং এখানে চ্যালেঞ্জ ও বেশি। এ জন্য ক শ্রেণির পৌরসভা হতে নমুনায়ন করা হয়েছে।

সারণি-২: সমীক্ষা এলাকা।

ক্রমিক নং	পৌরসভার নাম	উপজেলা	জেলা	পৌরসভার শ্রেণি
১.	সাভার	সাভার	ঢাকা	ক শ্রেণি
২.	বগুড়া	বগুড়া সদর	বগুড়া	ক শ্রেণি
৩.	পাবনা	পাবনা সদর	পাবনা	ক শ্রেণি
৪.	ঈশ্বরদী	ঈশ্বরদী	পাবনা	ক শ্রেণি
৫.	নওগাঁ	নওগাঁ সদর	নওগাঁ	ক শ্রেণি
৬.	সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সদর	সিরাজগঞ্জ	ক শ্রেণি
৭.	উল্লাপাড়া	উল্লাপাড়া	সিরাজগঞ্জ	ক শ্রেণি
৮.	বনপাড়া	বড়াইগ্রাম	নাটোর	ক শ্রেণি
৯.	নাটোর	নাটোর সদর	নাটোর	ক শ্রেণি
১০.	গুরুদাসপুর	গুরুদাসপুর	নাটোর	ক শ্রেণি
১১.	কুড়িগ্রাম	কুড়িগ্রাম সদর	কুড়িগ্রাম	ক শ্রেণি
১২.	মাগুরা	মাগুরা সদর	মাগুরা	ক শ্রেণি
১৩.	মোরেলগঞ্জ	মোরেলগঞ্জ		ক শ্রেণি
১৪.	ঝিনাইদহ	ঝিনাইদহ সদর	ঝিনাইদহ	ক শ্রেণি
১৫.	যশোর	যশোর সদর	যশোর	ক শ্রেণি
১৬.	মনিরামপুর	মনিরামপুর	যশোর	ক শ্রেণি
১৭.	নোয়াপাড়া	অভয়নগর	যশোর	ক শ্রেণি
১৮.	কুষ্টিয়া	কুষ্টিয়া সদর	কুষ্টিয়া	ক শ্রেণি
১৯.	রাজবাড়ী	রাজবাড়ী সদর	রাজবাড়ী	ক শ্রেণি
২০.	পাংশা	পাংশা	রাজবাড়ী	ক শ্রেণি
২১.	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সদর	চুয়াডাঙ্গা	ক শ্রেণি

৬। সমীক্ষার আওতা

সমীক্ষাটিতে পৌরসভার বর্জ্য, বর্জ্য ব্যবস্থাপনা, স্বরূপ ব্যাখ্যা করা; পৌর বর্জ্য ব্যবস্থাপনায় আইনগত বিধি বিধান, পৌর বর্জ্য ব্যবস্থাপনায় চ্যালেঞ্জসমূহ এবং চ্যালেঞ্জ থেকে উত্তরণের উপায় ইত্যাদি আলোচনা করা হয়েছে। উপাত্ত সংগ্রহের সময় হিসেবে ২০২১ সালের জানুয়ারী-ফেব্রুয়ারি মাস বেছে নেয়া হয়েছে।

৭। সমীক্ষার সীমাবদ্ধতা

সমীক্ষাটিতে সাধারণ জনগণ, প্রান্তিক পর্যায়ের পরিচ্ছন্নতা কর্মী, সমাজের বিভিন্ন স্তরের জনগণ যথাঃ ব্যবসায়ী, শিক্ষক, চিকিৎসক, ছাত্র-ছাত্রী, বাড়িওয়ালা, বিভিন্ন যানবাহন চালক সমিতি, যানবাহন মালিক সমিতি, দোকান মালিক সমিতি প্রভৃতি মানুষের মতামত এখানে অন্তর্ভুক্ত করা হয়নি।

৮। গবেষণায় প্রাপ্ত উপাত্ত বিশ্লেষণ

৮.১ বাংলাদেশের পৌর বর্জ্য

বিভিন্ন উৎস থেকে আসা যে সব পদার্থ মানুষের দৈনন্দিন জীবনে কাজে আসে না, তাকে বর্জ্য বলে। আবর্জনার সুনির্দিষ্ট শ্রেণিভেদ বলতে কিছু নেই। নির্দিষ্ট উদ্দেশ্য ও প্রয়োজন অনুসারে ভিন্ন ভিন্ন ভাবে আবর্জনাকে শ্রেণিভেদ করা হয়। বর্জ্যকে তিনভাগে ভাগ করা হয়ঃ

১. রিফিউজ (Refuge)ঃ ঘরবাড়ি, রাস্তাঘাট, কলকারখানা, কৃষিকার্য ইত্যাদি উৎস থেকে যে বর্জ্য পদার্থ পাওয়া যায় তাকে রিফিউজ বলে।
২. মলমূত্র ঘর্মাদি (Exereat)ঃ মানুষের মলমূত্রকে এক্সক্রিয়েটা বলে।
৩. সালেজ (Sullage)ঃ ঘরবাড়ির বর্জ্য পদার্থ যার ভেতর মলমূত্র থাকে না তাকে সালেজ বলে।

বেশিরভাগ ক্ষেত্রেই ময়লা সংগ্রহের সুবিধার্থে ময়লাকে এভাবে শ্রেণিবিভাগ করা হয়ঃ

- পৌর এলাকার আবর্জনা
- বাণিজ্যিক এলাকার আবর্জনা

- শিল্প এলাকার আবর্জনা

যেখানে শেষ গন্তব্যস্থল হিসেবে ময়লাকে মূলত মাটিচাপা দেয় হয় সেখানে শ্রেণিবিভাগ এরকম:

- পচনশীল
- অপচনশীল

যে শহরে ময়লা পুড়ানো হয় সেখানে শ্রেণিবিভাগ এমন হতে পারে:

- দহনযোগ্য
- অদহনীয়
- পূণর্ব্যবহারযোগ্য
  - প্লাস্টিক
  - পুরাতন কাপড়
  - খবরের কাগজ
  - পেট-বোতল
  - কাচের বোতল
  - ধাতব বস্তু
- অতিরিক্ত বড় ময়লা
- ইলেক্ট্রনিক দ্রব্যাদি

আবার প্রকৃতি অনুযায়ি বর্জ্যের শ্রেণিবিভাগ নিম্নরুপ এমন হতে পারে:

- গৃহস্থালী বর্জ্য
- ইলেক্ট্রনিক বর্জ্য
- বিষাক্ত ও ঝুকিপূর্ণ বর্জ্য
- তেজস্ক্রিয় বর্জ্য
- চিকিৎসা বর্জ্য

৮.১.১ গৃহস্থালী বর্জ্য

বাসা বাড়ির দৈনন্দিন কর্মকাণ্ডের ফলে যে সকল বর্জ্যের উৎপত্তি হয় তাকে গৃহস্থালী বর্জ্য বলে। রান্নাঘরের কাঁচা তরকারীর উচ্ছিটাংশ, রান্না খাবারের উচ্ছিটাংশ, অব্যবহৃত আসবাবপত্র, আসবাপত্রের খণ্ডাংশ, পুরাতন পোষাক পরিচ্ছদ, কাগজ ও কাগজজাত সামগ্রী, প্লাস্টিক জাতীয় পদার্থ, পুরনো ছেঁড়া কাপড়, ধাতব পদার্থ, কাঁচ ও সিরামিক, কাঠ, বাগানের ময়লা প্রভৃতি। এ সকল বর্জ্য যেখানে সেখানে ফেললে পারবেশ নষ্ট হওয়ার পাশাপাশি রোগ জীবানু বৃদ্ধি পায়।

সাধারণত গৃহস্থালির সব ফেলনা জিনিস একটি ঝুড়িতেই ফেলা হয়। ফলে পচনশীল ও অপচনশীল দ্রব্য একই সাথে ময়লা সংগ্রহকারীরা নিয়ে যায়। এতে পচনশীল আবর্জনা পচে যেমন দুর্গন্ধ ছড়ায় তেমনি অনেক দ্রব্য পুন:ব্যবহারে যোগ্যতা হারায়। সুতরাং গ্রহস্থালী বর্জ্য নিম্নোক্তভাবে রাখা যেতে পারে:

- রান্নাঘরের শুকনা ও ভেজা আবর্জনা পৃথক পাত্রে;
- সহজে দুর্গন্ধ ছড়ায় এমন ভেজা ময়লা যেমন: মাছের আঁশ, সহজে পচে যায় এমন ময়লা আলাদা পলিব্যাগে;
- ভেজা ময়লার জন্য ঢাকনাযুক্ত ঝুড়িতে;
- শুকনা বা হালকা ময়লার জন্য ছোট পাত্র বা ঝুড়ি; এবং
- ঝুড়ির নিচে কাগজ কিংবা পলিথিন বিছিয়ে দিলে ময়লা পরিষ্কারে সহজ হবে।

ময়লা আবর্জনার মধ্যে এমন অনেক বস্তু থাকে যা পরবর্তীতে কাজে লাগতে পারে। এসকল বস্তু সংরক্ষণ করলে অনেক অর্থ সাশ্রয় হয় এবং কাজও সহজতর হয়। যেসকল অব্যবহৃত জিনিস রেখে দিলে পরবর্তীতে কাজে লাগতে পারে:

- খবরের কাগজ, পুরনো খাতা, কাগজের ঠোঙা ইত্যাদি ফেলে না দিয়ে সংরক্ষণ করলে পরে বিক্রি বা রিসাইকেল করা যায়;
- বাজার থেকে আনা পলিব্যাগ, কাগজের ব্যাগ ফেলে না দিয়ে সংরক্ষণ করলে পরবর্তীতে কাজে লাগতে পারে;
- শাকসবজির খোসা একটা পাত্রে সপ্তাহখানেক রেখে পচিয়ে গাছের টবের মাটির সঙ্গে মিশিয়ে দিলে সার হিসেবে কাজ করে;
- চায়ের পাতি ব্যবহার শেষে সপ্তাহখানেক একটি পাত্রে রেখে গাছের গোড়ায় দিলে সার হিসেবে কাজ করে;

- প্লাস্টিকের পুরনো বোতল, কাঁচের বোতল, শ্যাম্পু ও অন্যান্য ফেলনা বোতল জমিয়ে রাখলে বিক্রির করা যায়। তবে বোতলগুলো ফুটো করে রাখতে হবে যেন অসাধু ব্যবসায়ী নকল জিনিস ভরে ব্যবসা করতে না পারে।
- বাজার থেকে আনা প্লাস্টিকের ব্যাগগুলো ধুয়ে সংরক্ষণ করলে পুনরায় ব্যবহার করা যায়। এতে প্লাস্টিকের ব্যবহার হ্রাস পাবে।
- আম, জাম, মৌসুমি ফলের বীজ একটি ব্যাগে সংরক্ষণ করলে পরে সেগুলো বাহিরেরে মাটিতে বা খোলা জায়গায় ফেলে রাখলে সেখান থেকে নতুন গাছ হওয়ার সম্ভাবনা থাকবে।
- টিন বা অ্যালুমিনিয়ামের ক্যান-কৌটা ফেলে না দিয়ে আবার ব্যবহার করা যায় বা বিক্রি করা যায়;
- চিপসের প্যাকেট, দুধের প্যাকেট পরিষ্কার করে সংরক্ষণ করলে ফ্রিজে বিভিন্ন জিনিস রাখার ক্ষেত্রে ব্যবহার করা যায়।

৮.১.২ ইলেকট্রনিক বর্জ্যঃ

ইলেকট্রনিক বর্জ্য বা ই-বর্জ্য (Electronic waste ev E-waste) বলতে পরিত্যক্ত বৈদ্যুতিক বা ইলেকট্রনিক সরঞ্জাম বা যন্ত্রপাতিকে বোঝায়। এগুলি মূলত ভোক্তার বাসাবাড়িতে ব্যবহৃত বৈদ্যুতিক ও ইলেকট্রনিক যন্ত্রপাতি, যেমন- ফ্রিজ, ক্যামেরা, মাইক্রোওয়েভ, কাপড় ধোয়ার ও শুকানোর যন্ত্র, টেলিভিশন, কম্পিউটার, মোবাইল ফোন, ইত্যাদি। উন্নয়নশীল দেশগুলিতে ইলেকট্রনিক বর্জ্যের নিয়মনীতিহীন ব্যবস্থাপনা ও প্রক্রিয়করণ থেকে মানবস্বাস্থ্যের উপর বিরূপ প্রভাব পড়তে পারে এবং পরিবেশ দূষণ হতে পারে। কম্পিউটারের সিপিইউ বা কেন্দ্রীয় প্রক্রিয়করণ যন্ত্রাংশটির মত কিছু কিছু ইলেকট্রনিক যন্ত্রাংশে সীসা, ক্যাডমিয়ম, বেরিলিয়ম, ক্রোমিয়াম, ইত্যাদির মত ক্ষতিকর পদার্থ থাকা সম্ভব। উন্নয়নশীল দেশের ইলেকট্রনিক বর্জ্য ব্যবস্থাপনায় জড়িত শ্রমিক সম্প্রদায়ের স্বাস্থ্যের ঝুঁকি অনেক বেশি। এ সমস্ত বর্জ্য পুনঃচক্রায়ন প্রক্রিয়াতে শ্রমিকেরা ভারী ধাতুর সংস্পর্শে যেন না আসে, সে ব্যাপারে অত্যন্ত যত্নবান হওয়া উচিত।

২০১৪ সালে জাপানে অবস্থিত জাতিসংঘ বিশ্ববিদ্যালয় “The Global E-waste Monitor 2014: Quantities, Flows and Resources” শীর্ষক একটি প্রতিবেদন প্রকাশ করে, যাতে বলা হয় যে বিশ্বে প্রতিবছর ৪ কোটি টনেরও বেশি ইলেকট্রনিক বর্জ্য উৎপাদিত হয়। মার্কিন যুক্তরাষ্ট্র ও গণচীন এই দুইটি দেশ সারা বিশ্বের ই-বর্জ্যের এক-তৃতীয়াংশ উৎপাদন করে। এইসব ই-বর্জ্যে অনেক অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ ধাতু ও অন্যান্য উপাদান আছে, যেগুলি পুনঃচক্রায়ন করা সম্ভব। লোহা, তামা, সোনা, রূপা, অ্যালুমিনিয়াম, প্যালাডিয়াম ও পুনর্ব্যবহারযোগ্য অন্যান্য উপাদানগুলির মোট মূল্য ৫২০০ কোটি মার্কিন ডলারেরও বেশি।

ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য হতে সৃষ্ট বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ অনুযায়ি ‘‘ই-বর্জ্য’’ অর্থ যেসব ইলেকট্রিক্যাল এবং/অথবা ইলেকট্রনিক সামগ্রীর অর্থনৈতিক জীবন শেষ হয়ে গিয়েছে অথবা ব্যবহারকারীর কাছে যার মূল্য বা প্রয়োজন শেষ হয়ে গিয়েছে অথবা যখন আর ব্যবহৃত হবে না বা ব্যবহার উপযোগিতা থাকে না বা উৎপাদন প্রক্রিয়ায় বাদ পড়েছে বা অপ্রয়োজনীয় বিবেচনায় ফেয়ে দেয়া হয় এমন ইলেকট্রিক্যাল এবং/অথবা ইলেকট্রনিক পণ্য যাহা তফসিল- ২ এর অন্তর্ভূক্ত। তফসিল-২ এ বর্ণিত শ্রেণিসমূহের অধীন পণ্যসামগ্রীর তালিকা নিম্নরূপ।

সারণি-৩ঃ ইলেকট্রনিক্স বর্জ্য।

ক্রমিক নং	শ্রেণি	পণ্যসামগ্রী
১.	ঘরোয়া যন্ত্রপাতি (Household Appliance)	● কম্প্যাক্ট ফ্লুরোসেন্ট ল্যাম্প (Compact Fluorescent Lamp ev CFL) বা মারকারীযুক্ত ল্যাম্প ● লেডযুক্ত ক্যাপাসিটর/ ব্যাটারী/ লিথিয়াম আয়ন ব্যাটারী ● ক্যাডমিয়াম এবং এর যোগধারী থারমাল কাট-অফ রেফ্রিজারেটর

ক্রমিক নং	শ্রেণি	পণ্যসামগ্রী
		• কাপড় ধোয়ার যন্ত্র (Washing machine) • থালা-বাসন ধোয়ার যন্ত্র (Dish washer) • মাইক্রোওয়েভ ওভেন (Microwave oven) • রান্না বা খাদ্য প্রক্রিয়াকরণে ব্যবহৃত অন্যান্য ইলেকট্রিক/ইলেকট্রনিক যন্ত্রপাতি (other electrical/electronic appliance used for cooking and processing of food) • বৈদ্যুতিক হিটার (Electric heating appliance) • ভ্যাকুয়াম ক্লিনার (Vacuam clenear) • ইস্ত্রি এবং অনুরূপ অন্যান্য যন্ত্রপাতি (Iron and similar other appliance) • টোস্টার (Toaster) • ব্যাটারী, ল্যাম্প (Lamp) • চূর্ণন যন্ত্র (Grinder) • কফি তৈরীর যন্ত্র (Coffee maker) • খাবার ফ্রাই করার যন্ত্র (Fryer) • টেলিভিশন (CRT, LCD, LED, etc.) • ডিভিডি প্লেয়ার (DVD Player/VCR/VCP) • ভিডিও ক্যামেরা (Video camera) • ভিডিও ধারণ যন্ত্র (Video recorder) • ডিজিটাল ক্যামেরা (Digital Camera) • রেডিও / অডিও অ্যামপ্লিফায়ার (Radio/Audio Amplifier) • ইলেকট্রিক/ইলেকট্রনিক বাদ্যযন্ত্র (electrical/ electroni Musical instrument) • শীতাতপ নিয়ন্ত্রক যন্ত্র • বৈদ্যুতিক শক্তি দ্বারা পরিচালিত ওয়াটার ফিল্টার/ পিউরিফায়ার, ওয়াটার হিটার/ গিজার এবং গৃহস্থালী কাজে ব্যবহৃত অন্য যে কোন পণ্য।
২.	Monitoring and control instruments	• ধোঁয়া নির্ণয়কারী যন্ত্র (Smoke detector) • শিল্প-কারখানা এবং বিদ্যুৎ কেন্দ্রে ব্যবহৃত কন্ট্রোল প্যানেল (control panel in industrial installation/ power plant) • তাপ নিয়ন্ত্রক (Heating regulator) • থার্মোস্ট্যাট (Thermostat) • বাড়িতে বা গবেষণাগারে ব্যবহৃত ওজন নির্ণয়ক যন্ত্র • ধোঁয়া নির্বাপক; তেজস্ক্রিয় পদার্থ নেই এমন পরীক্ষণ ও নিয়ন্ত্রণ যন্ত্র বা শিল্প-বিদ্যুৎ কেন্দ্রে স্থাপিত যন্ত্র (নিয়ন্ত্রণ সংক্রান্ত যন্ত্র) • কেন্দ্রীয় শীতাতপ নিয়ন্ত্রক যন্ত্র/চিলার ঘরোয়া কাজে এবং পরীক্ষাগারে ব্যবহৃত বিভিন্ন ধরণের পরিমাপক এবং বিভিন্ন সমন্বয়কারী যন্ত্র • Engineering/Environmental Survey Instruments • Arsenic Measurement Instrument
৩.	Medical Equipments	• Microscope • Respiration Monitors • Glucose Monitors • Physical Therapy Devices

ক্রমিক নং	শ্রেণি	পণ্যসামগ্রী
		• Laboratory Measurement Equipment (Thermometer, PH meter, conductometer, Measuring Instrument, Titratable Acidity Mini Titrator, Refractive Index , Measurement of Liquids etc.) • Defibrillators • MRI Equipment • Diagnostic Imaging Equipment • Biomedical/Pathological Testing Devices • Urinalysis Equipment • Endoscopy Equipment • Hematology Equipment • Vital Sign Monitors • Ultrasound Equipment • Computed Tomography (CT) Equipment • X-Ray machine • Other e-equipments used in Hospital and also in Diagnosis centre • Research based Lab Equipments etc.
৪.	Automatic Machine	• কোমল পানীয় বিক্রয়ের স্বয়ংক্রিয় যন্ত্র (Automatic dispenser for beverage/drink) • টাকা উত্তোলনের জন্য ব্যবহৃত স্বয়ংক্রিয় যন্ত্র (Automated Teller Machine)
৫.	তথ্য প্রযুক্তি এবং টেলিযোগাযোগ সংশ্লিষ্ট যন্ত্রপাতি (IT and telecommunication equipment)	• কেন্দ্রীয় ডাটা প্রক্রিয়াকরণ: মেইনফ্রেম কম্পিউটার, মিনি কম্পিউটার, ব্যক্তিগত কম্পিউটার কম্পিউটার মনিটর (Computer Monitor) • ল্যাপটপ কম্পিউটার (Laptop) • নোটবুক/নোট প্যাড বা অনুরূপ যন্ত্রসহ • প্রিন্টার (Printer) • ফটোকপিয়ার (Photocopier) • স্ক্যানার (Scanner) • ফ্লপি (Floppy) • ক্যালকুলেটর (Calculator) • ফ্যাক্স (Fasimile/Fax) • সেলুলার ফোন বা মোবাইল ফোন (Cellular telephone/mobile phone) • টেলিফোন (Land Phonevg Ges corless Phone) • তথ্য প্রযুক্তি এবং টেলিযোগাযোগ সংশ্লিষ্ট অন্যান্য যন্ত্রপাতি যা বৈদ্যুতিক, মাইক্রোওয়েভ এবং অপটিক্যাল পদ্ধতিতে ভয়েস, তথ্য বা ছবি সংগ্রহ, প্রক্রিয়াকরণ, উপস্থাপনা এবং প্রেরণে ব্যবহৃত হয় (Information Technology and Telecommunication related other products and equipments for the collection/storage of voice, information/picture, processing, presentation or communication of information, such as sound,

ক্রমিক নং	শ্রেণি	পণ্যসামগ্রী
		image, data etc. By electronic, microwave and optical media)

সূত্রঃ ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য হইতে সৃষ্ট বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ (খসড়া)

(বিঃদ্র- যে সকল পণ্যের মধ্যে তেজস্ক্রিয় উপাদান রয়েছে সে সকল যন্ত্রপাতি পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সালের ১৯ নং আইন) এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা, ১৯৯৭ (এসআরও নম্বর-২০৫-ল/৯৭) দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৮.১.৩ বিষাক্ত ও ঝুঁকিপূর্ণ বর্জ্য

মানুষের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর বর্জ্য পদার্থ যা ভৌত পরিবেশের ক্ষতিসাধন এবং জীব ও জড়ের আন্তঃক্রিয়ার ভারসাম্য বিনষ্ট করে। মানুষের কর্মকাণ্ডের ফলে প্রায়ই অনেক বিষাক্ত ও ঝুঁকিপূর্ণ বর্জ্য উৎপন্ন হয়। এসব বর্জ্যের প্রকৃতি ও পরিমাণ দেশের আর্থ-সামাজিক অবস্থা, শিল্পকারখানার স্তর, জনসাধারণের সাংস্কৃতিক ও নৃতাত্ত্বিক বৈশিষ্ট্য ইত্যাদি বিষয়ের ওপর নির্ভরশীল। এগুলির উৎসও বিভিন্ন বাসগৃহ, বাণিজ্যিক প্রতিষ্ঠান, শিল্পকারখানা, পরিবহণ, কৃষি প্রভৃতি। গৃহস্থালিজাত বিষাক্ত ও ঝুঁকিপূর্ণ বর্জ্যের মধ্যে থাকে প্রধানত ভাঙা-কাঁচ, ধারালো ধাতব বস্তু, রং, পেট্রোলিয়াম জাতীয় জৈব পদার্থ ইত্যাদি। বিভিন্ন বাণিজ্যিক প্রতিষ্ঠান যথা: হোটেল, রেস্তোরাঁ, গ্যাসোলিন-স্টেশন, শিল্পকারখানা, হাসপাতাল, ক্লিনিক ইত্যাদি থেকেও সাধারণত একই ধরনের বর্জ্য উৎপন্ন হয়। এসব বর্জ্যের একটা বড় অংশ শিল্পকারখানা এবং অপেক্ষাকৃত কম পরিমাণে কৃষিখাত থেকে আসে। কৃষিতে ব্যবহৃত প্রচুর পরিমাণ বালাইনাশক মাটি ও পানিতে অধিক মাত্রায় সঞ্চিত হয় যা মানুষের স্বাস্থ্যের জন্য মারাত্মক ঝুঁকির কারণ হতে পারে।

‘‘বিপজ্জনক বর্জ্য’’ অর্থ এমন কোন বর্জ্য যাহা উহার প্রাকৃতিক বা ভৌত (physical), রাসায়নিক (chemical), বিক্রিয়া (reactive), বিষাক্ত (toxic), দাহ্য (flammable), বিস্ফোরক (explosive) বা ক্ষয়কর (corrosive) ধর্মহেতু এককভাবে অথবা অন্য কোন বর্জ্য বা পদার্থের সংস্পর্শ লাভের ফলে স্বাস্থ্যের বা পরিবেশের ক্ষতি সাধন করিতে পারে এবং নিম্নবর্ণিত বর্জ্যসমূহও ইহার অন্তর্ভুক্ত হবে– (ক) তফসিল ২ এর কলাম ৩ এ তালিকাভুক্ত বর্জ্যসমূহ; (খ) ঐ সকল বর্জ্য যার উপকরণ তফসিল ৩ এ বর্ণিত যে কোন এক বা একাধিক পদার্থ দ্বারা গঠিত যাহার গাঢ়ত্ব (concentration) উক্ত তফসিলে বর্ণিত মানমাত্রার সমান বা অধিক; (গ) তফসিল ৪ এর অংশ ১ এর তালিকা ‘ক’ ও ‘খ’ ভুক্ত বর্জ্য যদি উহার মধ্যে উক্ত তফসিলের অংশ ২ এ বর্ণিত গুণাবলী বিদ্যমান বলে পরিলক্ষিত হয়;

বাংলাদেশে গৃহস্থালি ও বাণিজ্যিক উৎস থেকে উৎপন্ন বিষাক্ত ও ঝুঁকিপূর্ণ বর্জ্য বিভিন্ন ধরনের হতে পারে, তবে পরিমাণে খুব বেশি নয়। কারণ দেশের বিদ্যমান আর্থ-সামাজিক অবস্থায় জনসাধারণ প্রচুর পরিমাণ জৈব দ্রাবক ও গৃহস্থালির কীটনাশক প্রভৃতি ব্যবহারে সমর্থ নয়, আর কাঁচের বোতল ও ধাতব বস্তুর মতো বর্জ্যগুলি সাধারণত পুনর্ব্যবহৃত হয়। তবে মোটরযান মেরামত কারখানাগুলি থেকে প্রচুর ইঞ্জিনের লুব্রিকেটিং তেল (স্থানীয়ভাবে মবিল) ফেলে দেয়া হয়। এ বর্জ্য তেলের কিছুটা আবার শোধন করে জিনিসপত্র পরিষ্কার করার কাজে লাগানো যায়। এভাবে এসব পদার্থ পুনঃপ্রক্রিয়াকরণের মাধ্যমে আবারও বিভিন্ন বিষাক্ত বর্জ্য উৎপন্ন হতে পারে। অবশ্য মোটরযানের পরিত্যক্ত বর্জ্য এদেশে এখনও পরিবেশের জন্য মারাত্মক ঝুঁকি হয়ে ওঠেনি।

শিল্পকারখানার প্রকৃতির ওপর নির্ভর করে উৎপন্ন ঝুঁকিপূর্ণ শিল্পবর্জ্যের ধরণ। সাধারণতঃ খাদ্যশিল্প থেকে উৎপন্ন বিষাক্ত বর্জ্যের পরিমাণ কম। ঔষধশিল্প থেকে উৎপন্ন বিষাক্ত বর্জের পরিমাণও বেশি নয়, কারণ এসব শিল্প প্রধানত বিদেশ থেকে আমদানিকৃত ঔষধের প্যাকেজিং করে থাকে। ফলে এতে খুব বেশি পরিমাণ বর্জ্য সৃষ্টির সুযোগ নেই। শিল্প উৎপাদন কয়েকটি খাতে সীমাবদ্ধ। যেমন বস্ত্র, চামড়া, সার, সিমেন্ট ইত্যাদি। আর এসব শিল্পকারখানার অধিকাংশই তাদের বর্জ্য নদ-নদীতে ফেলে। শিল্পবর্জ্য নিয়ন্ত্রণকারী সংস্থাগুলির চাপে তারা এসব বর্জ্য কিছুটা

শোধন করলেও সংশ্লিষ্ট আইন-কানুন যথাযথভাবে মেনে চলে না। ঢাকা শহরের হাজারীবাগ এলাকার প্রায় ২৫০টি চামড়া শিল্পকারখানায় কোটি কোটি টুকরা পশুর চামড়া প্রক্রিয়াজাত করা হয়। এগুলিতে ব্যবহৃত বিষাক্ত রাসায়নিক বহুলাংশে অশোধিত অবস্থায় নদীতে পড়ছে। অবশ্য ২০০৩ সাল থেকে সাভার উপজেলার হরিণধরায় একটি আধুনিক চামড়া শিল্পনগরী গড়ে তোলার চেস্টা করা হচ্ছে। ইতোমধ্যে সকল কারখানা হরিণধরায় সরিয়ে নেওয়ার জন্য সরকার নির্দেশনা জারী করেছে।

৮.১.৪ তেজস্ক্রিয় বর্জ্য

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন-২০১২ এবং IAEA এর মানদণ্ড অনুযায়ী তেজস্ক্রিয় বর্জ্য হচ্ছে এমন কোনো পদার্থ, যার ভৌত অবস্থা যাই হোক না কেন, বিভিন্ন কর্মকাণ্ড বা চর্চা হতে উদ্ভূত এবং যার পরবর্তী ব্যবহার পূর্ব জ্ঞাত নয়, এবং ক) যা তেজস্ক্রিয় পদার্থ অথবা তা দ্বারা দূষিত এবং যাদের সক্রিয়তা বা সক্রিয়তার গাঢ়ত্ব নিয়ন্ত্রণমূলক চাহিদায় ছাড়করণের মাত্রার চাইতে অধিক (above the regulatory exemption limit)। খ) যার বিকিরণ সম্পাত প্রযোজ্য নিয়ন্ত্রণমূলক মাত্রার নিম্নে থাকবে; (under applicable regulatory control)।

একটি প্রধান ঝুঁকিপূর্ণ পদার্থ তেজস্ক্রিয় বর্জ্যের বিরূপ প্রতিক্রিয়া কেবল তেজস্ক্রিয়তা প্রশমনের প্রাকৃতিক প্রক্রিয়ার মধ্য দিয়েই লাঘব হতে পারে। তেজস্ক্রিয়তা প্রশমনের এ প্রক্রিয়া ত্বরান্বিত করার প্রযুক্তি মানুষ এখনও উদ্ভাবন করতে পারেনি। তাই তেজস্ক্রিয় বর্জ্য নিষ্কাশনের সাধারণ পদ্ধতি হলো তেজস্ক্রিয়তার মাত্রা নিরাপদ পর্যায়ে নেমে না-আসা পর্যন্ত এসব বর্জ্য নিরাপদ স্থানে মজুত রাখা। বাংলাদেশে তেজস্ক্রিয় পদার্থের ব্যবহার কয়েকটি প্রতিষ্ঠান পরিচালিত বৈজ্ঞানিক গবেষণার মধ্যেই সীমাবদ্ধ। তেজস্ক্রিয় পদার্থ ব্যবহারের লাইসেন্স প্রদান, নিরাপদ ব্যবহার এবং তেজস্ক্রিয় বর্জ্যের অপসারণ, পূর্ব মজুত ইত্যাদি কর্মকাণ্ড তদারকি করা বাংলাদেশ আণবিক শক্তি কমিশনের দায়িত্ব।

৮.১.৫ চিকিৎসা-বর্জ্য

চিকিৎসা-বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮ অনুযায়ি "চিকিৎসা-বর্জ্য" অর্থ মানবকুলের চিকিৎসা, প্রতিষেধক ব্যবস্থা, রোগ নির্ণয় বা রোগ সংক্রান্ত গবেষণার ফলশ্রুতিতে উৎপাদিত যেকোন কঠিন, তরল, বায়বীয় ও তেজস্ক্রিয় পদার্থ যাহা নির্গত, নিক্ষিপ্ত বা স্তুপীকৃত হইয়া পরিবেশের ক্ষতিকর পরিবর্তন সাধন করে। আইনের তফসিল ১ অনুযায়ি নিম্নোক্ত বর্জ্য চিকিৎসা বর্জ্য:

সারণি-৪: চিকিৎসা বর্জ্য।

শ্রেণি	বর্জ্যের শ্রেণি	কতিপয় উদাহরণ
শ্রেণি-১	সাধারণ বর্জ্য (অক্ষতিকারক/ জীবাণুমুক্ত/ অসংক্রামিত)	ব্যবহার্য কাগজ/মোড়ক, প্লাস্টিক বা ধাতব কৌটা, ঔষধের স্ট্রিপ, খালি বাক্স ও কার্টুন, প্যাকিং বাক্স, পলিথিন ব্যাগ, মিনারেল পানির বোতল, কাঁচের খালি বোতল, বিস্কুটের মোড়ক, ইনজেকশনের খালি ভায়াল, অসংক্রমিত ব্যবহার্য স্যালাইন ব্যাগ ও সেট, অসংক্রমিত ব্যবহার্য সিরিঞ্জ, অসংক্রমিত কাপড়/গজ/তুলা, অসংক্রমিত রাবার দ্রব্য/কর্ক, ফলমূলের খোসা, উচ্ছিষ্ট খাবার, রান্না ঘরের আবর্জনা, ডিমের খোসা, ডাবের মালা, প্রেশারাইজ খালি কৌটা ইত্যাদি।
শ্রেণি-২	এনাটমিক্যাল বর্জ্য	মানব দেহের কাটিয়া ফেলা বিভিন্ন অঙ্গ, প্রত্যঙ্গ, টিস্যু, কাটিয়া ফেলা টিউমার, গর্ভফুল, গর্ভপাত/গর্ভসংক্রান্ত বর্জ্য ইত্যাদি।
শ্রেণি-৩	প্যাথলজিক্যাল বর্জ্য	ল্যাবরেটরি কালচার, মজুদ অথবা বিভিন্ন টিকার নমুনা, বায়োলজিক্যাল টক্সিন,

শ্রেণি	বর্জ্যের শ্রেণি	কতিপয় উদাহরণ
		পরীক্ষার জন্য দেওয়া রক্ত/কফ/মল/সিরাম/শরীরের নিঃসরণ ইত্যাদি।
শ্রেণি-৪	রাসায়নিক বর্জ্য	বিভিন্ন প্রকার রিএজেন্ট, ডেভলপার, ডায়ালাইসিস এ ব্যবহার্য ও রাসায়নিক দ্রব্য ইত্যাদি।
শ্রেণি-৫		ফার্মাসিউটিক্যাল বর্জ্য বাতিলকৃত, মেয়াদ উত্তীর্ণ, সংক্রামিত বা ব্যবহার উত্তীর্ণ ঔষধ ইত্যাদি।
শ্রেণি-৬	সংক্রামক/জীবাণুযুক্ত বর্জ্য	রক্ত/পূজ/দেহ রস দ্বারা সংক্রমিত গজ, বেন্ডেজ, তুলা, স্পঞ্জ, সোয়াব, মব, প্লাস্টার, ক্যাথিটার, ড্রেনেজ টিউব, রক্ত সঞ্চালনের ব্যাগ/টিউব, রক্ত দ্বারা সংক্রমিত স্যালাইন সেট, জমাট বাঁধা রক্ত/দেহ রস, ডায়রিয়া রোগীর সংক্রমিত কাপড়-চোপর, সংক্রমিত সিরিঞ্জ ইত্যাদি।
শ্রেণি-৭	তেজস্ক্রিয় বর্জ্য	রেডিওএ্যাকটিভ আইসোটোপ, তেজস্ক্রিয় বস্তু দ্বারা সংক্রামিত সকল বর্জ্য, অব্যবহৃত এক্সরে মেশিনের হেড ইত্যাদি।
শ্রেণি-৮	ধারাল বর্জ্য (সংক্রামিত ও অসংক্রামিত)	মেডিকেলে ব্যবহৃত সকল প্রকার সুই, সকল প্রকার ব্লেড, ভাঙ্গা স্লাইড, ব্যবহৃত এ্যম্পুল, ভাঙ্গা বোতল/কাঁচ/টেস্ট টিউব/পিপেট/জার, নেইল, স্টীল এর তার, অর্থোপেডিক কাজে ব্যবহৃত স্ক্রু, স্টীল প্লেট, পিন ইত্যাদি।
শ্রেণি -৯	পুনঃব্যবহারযোগ্য সাধারণ বর্জ্য (অক্ষতিকারক/ জীবাণমুক্ত/ অসংক্রামিত)	ব্যবহার্য কাগজ/মোড়ক, প্লাস্টিক বা ধাতব কৌটা, ঔষধের স্ট্রিপ, খালি বাক্স ও কার্টুন, প্যাকিং বাক্স, পলিথিন ব্যাগ, মিনারেল পানির বোতল, কাঁচের খালি বোতল, বিস্কুটের মোড়ক, ইনজেকশনের খালি ভায়েল, অসংক্রমিত ব্যবহার্য স্যালাইন ব্যাগ ও সেট, অসংক্রমিত ব্যবহার্য সিরিঞ্জ, অসংক্রমিত কাপড়/গজ/তুলা, অসংক্রমিত রাবার দ্রব্য/কর্ক।
শ্রেণি-১০	তরল বর্জ্য (সংক্রামিত ও অসংক্রামিত)	ব্যবহৃত পানি, পানের পিক, বমি, কফ, সাকশন করা তরল, পূজ, দেহ রস, সিরাম, তরল রক্ত, গর্ভের পানি, তরল রাসায়নিক দ্রব্য, অব্যবহৃত তরল ঔষধ, ড্রেনেজ ব্যাগের তরল বর্জ্য ইত্যাদি।
শ্রেণি-১১	প্রেসারাইজড বর্জ্য	প্রেশারাইজড কৌটা/ক্যান/কনটেইনার।

সূত্রঃ চিকিৎসা-বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮।

“২০০৫ সালের সরকারী হিসাব মতে বাংলাদেশের পৌর এলাকাসমূহে প্রতিদিন ১৩,৩৩২ টন বর্জ্য সৃষ্টি হতো যা বছরে ৪.৮৬ মিলিয়ন টন। এটা অনুমান করা হচ্ছে যে শহরে জনসংখ্যা বৃদ্ধি ও মাথাপিছু বর্জ্য তৈরির হার বৃদ্ধির ফলে ২০২৫ সালে বাংলাদেশের পৌর এলাকাসমূহে প্রতিদিন ৪৭,০০০ টন বর্জ্য সৃষ্টি হবে যা বছরে ১৭.২ মিলিয়ন টন হবে। ২০০৫ সালের হিসাব মতে বাংলাদেশের শহরাঞ্চলে মাথাপিছু বর্জ্য তৈরির হার ছিল ০.৪১ কিলোগ্রাম/প্রতিজন/দৈনিক। ঐ সময়ের হিসেবে আরও দেখা যায় যে অপ্রাতিষ্ঠানিক খাতে ১২০,০০০ জন নগরের দরিদ্র মানুষ রিসাইক্লিং (পুনচক্রায়ন) ব্যবসার কাজকর্মের সাথে জড়িত যা গড়ে প্রতিদিন ৪৭৫ টন এবং এর ফলে তারা বছরে ১০৭১ কোটি টাকার আমদানী পণ্যমূল্য সাশ্রয় করে। রাজউক-এর হিসাব মতে ঢাকা শহরে ২০১৭ সালে ১.৭৩২ কোটি মানুষ ছিল এবং তাদের মতে ২০৩০ সালে ঢাকা শহরের জনসংখ্যা হবে ২.৭৩৭ কোটি। এ তথ্যের সূত্র ধরে বলা যায় যে ২০১৭ সালে ঢাকায় ১.৭৩২ কোটি মানুষ বাস করছে। পরিবেশ অধিদপ্তরের হিসাব মতে ঢাকা শহরের মানুষেরা জনপ্রতি দৈনিক ০.৫৬ কেজি বর্জ্য তৈরি করে তাই বলা যায় যে ঢাকার শহরের

বর্তমান দৈনিক বর্জ্যের তৈরির পরিমান কমপক্ষে ১০২৬১ টন।” [মাকসুদ ও অন্যান্য (২০১৭)]

৮.২ বাংলাদেশের পৌর বর্জ্য ব্যবস্থাপনা

পৌরসভার পরিবার পরিকল্পনা ও পরিচ্ছন্নতা বিভাগের অধীন পরিচ্ছন্নতা শাখা বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত কাজ করে থাকে। পৌরসভায় স্বাস্থ্য কর্মকর্তা, কনজারভেন্সি ইন্সপেক্টর ও সুপারভাইজার এর পদ থাকলেও বেশিরভাগ পৌরসভায় এ পদগুলো শূণ্য রয়েছে। এ সমীক্ষায় ২১টি পৌরসভার মধ্যে ১৯টি পৌরসভায় স্বাস্থ্য কর্মকর্তা, ৫টি পৌরসভায় কনজারভেন্সি ইন্সপেক্টর ও ৫টি পৌরসভায় সুপারভাইজার পদ শূণ্য রয়েছে।

সারণি-৫: সাংগঠনিক কাঠামো অনুসারে পৌরসভার পরিচ্ছন্নতা কাজে নিয়োজিত জনবল।

পদের নাম	**ক শ্রেণির পৌরসভা**	**খ শ্রেণির পৌরসভা**	**গ শ্রেণির পৌরসভা**
স্বাস্থ্য কর্মকর্তা	১ জন	১ জন	১ জন
কনজারভেন্সি ইন্সপেক্টর	১ জন	১ জন	১ জন
সুপারভাইজার	৪ জন	২ জন	১ জন
পরিচ্ছন্নতা কর্মী	প্রয়োজনানুসারে চুক্তিভিত্তিক	প্রয়োজনানুসারে চুক্তিভিত্তিক	প্রয়োজনানুসারে চুক্তিভিত্তিক

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগ।

পরিচ্ছন্নতা কর্মীদের মধ্যে রয়েছে বাসাবাড়ী থেকে ভ্যানে করে বর্জ্য সংগ্রহকারী ও তা নিকটস্থ ডাস্টবিন বা ট্রান্সফার সেন্টারে ফেলার ভ্যানচালক ও তার হেলপারগণ, রাস্তার ঝাড়ুদারগণ, রাস্তার পাশের ডাস্টবিন বা ড্রেন বা যে কোন স্থানে জমা বর্জ্য পৌরসভার ময়লার ট্রাকে বর্জ্য ওঠানো ও তা আবর্জনার স্তুপে নিয়ে ফেলার শ্রমিক(স্ক্যাভাঞ্জারস), বর্জ্য পরিবহনের ট্রাকচালক ও হেলপারগণ। এছাড়া আর এক শ্রেণির মানুষ রয়েছে যারা রাস্তা-নদীর ঘাট ও ট্রেন স্টেশন, শহরের ডাস্টবিন ও আবর্জনার স্তুপ থেকে নিজের উদ্যোগে আবর্জনার বিভিন্ন উপকরণ সংগ্রহ করে। এরা ভাঙ্গারী দোকান বা রিসাইক্লিং-এর জন্য তৈরি করার ছোট প্রতিষ্ঠানে কর্মরত বর্জ্যজীবী দিনমজুর।

৮.৩ পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনায় আইনগত বিধি বিধান।

৮.৩.১ বর্জ্য ব্যবস্থাপনায় পৌরসভার দায়িত্ব

পৌরসভা শহর স্থানীয় সরকার ব্যবস্থার অন্যতম স্তর । স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৫০ ধারায় বলা হয়েছে যে, পৌরসভার মূল দায়িত্ব হবে স্ব-স্ব এলাকাভুক্ত নাগরিকগণের এই আইন ও অন্যান্য আইনের দ্বারা প্রতিষ্ঠিত বিধান অনুসারে সকল প্রকার নাগরিক সুবিধা প্রদান করা। ধারা ৫০ এর উপধারা ২ (খ) ও (গ) এ বলা হয়েছে পৌরসভা মূল দায়িত্ব পালনকল্পে পানি ও পয়ঃ নিষ্কাশন এবং বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করবে। এছাড়াও দ্বিতীয় তফসিল (ধারা ৫০-৭১ দ্রষ্টব্য) পৌরসভার বলা হয়েছে পৌরসভা আবর্জনা অপসারণ, সংগ্রহ ও ব্যবস্থাপনা সংক্রান্ত নিম্নোক্ত কার্যাবলি সম্পাদন করবে:

১. পৌরসভা ইহার অধীন সকল জনপথ, সাধারণ পায়খানা, প্রস্রাবখানা, নর্দমা, ইমারত ও জায়গা হইতে আবর্জনা সংগ্রহ ও অপসারণ করার যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২. পৌরসভার সাধারণ নিয়ন্ত্রণ এবং তত্তাবধানে, পৌরসভা এলাকায় অবস্থিত সকল ইমারত ও জায়গার দখলকারীগণ তাহা হতে আবর্জনা অপসারণের জন্য দায়ী থাকবেন।

৩. পৌরসভা নগরীর বিভিন্ন স্থানে ময়লা ফেলিবার পাত্র বা আধারের ব্যবস্থা করবে এবং যেইখানে অনুরূপ ময়লা ফেলার পাত্র বা আধারের ব্যবস্থা করা হবে, পৌরসভা সাধারণ নোটিশ দ্বারা পার্শ্ববর্তী বাড়ী-ঘর ও জায়গা-জমির দখলদারগণকে তাহাদের ময়লা বা আবর্জনা উক্ত পাত্র বা আধারে ফেলিবার জন্য নির্দেশ প্রদান করতে পারবে।

৪. পৌরসভার কর্মচারীগণ কর্তৃক অথবা তাহাদের তত্তাবধানে অপসারিত বা সংগৃহীত আবর্জনা বা ময়লা এবং পৌরসভা কর্তৃক স্থাপিত পাত্র বা আধারে জমাকৃত ময়লা বা আবর্জনা পৌরসভার সম্পত্তি বলে গণ্য হবে।

৮.৩.২ পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি

পৌরসভা তার কার্যাবলী সুষ্ঠভাবে সম্পদনকল্পে বিভিন্ন স্থায়ী কমিটি গঠন করতে পারবে। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৫৫ এর উপধারা ২ এ বলা হয়েছে যে, পৌরসভা প্রয়োজনে বেসরকারি সংস্থার সাথে সমন্বয়, স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন, আবর্জনা অপসারণ ও হস্তান্তর ইত্যাদি বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটি গঠন করতে পারবে।

৮.৩.৩ স্থায়ী কমিটির গঠন

পরিষদের স্থায়ী কমিটিতে সর্বাধিক ৫ জন সদস্য থাকবে এবং উক্ত কমিটির সভাপতি ও সদস্যগণ পরিষদের সভায় কাউন্সিলরগণের মধ্য হতে নির্বাচিত হবে: তবে শর্ত থাকে যে, মেয়র কোন স্থায়ী কমিটির সভাপতি হতে পারবে না ; তবে আরো শর্ত থাকে যে, কোন কাউন্সিলর পরিষদের সিদ্ধান্ত ব্যতীত একের অধিক কমিটির সভাপতি হতে পারবে না। যে সকল পৌরসভার নির্বাচিত সদস্য সংখ্যার স্বল্পতাহেতু এই ধারায় প্রণীত সকল বিষয়ে পৃথক পৃথক স্থায়ী কমিটি কার্যকর করা সম্ভব হবে না, সেই সকল পৌরসভার ক্ষেত্রে একাধিক বিষয়ে একটি স্থায়ী কমিটি গঠন করা যাবে। প্রতিটি স্থায়ী কমিটিতে অন্যূন শতকরা ৪০ ভাগ মহিলা সদস্য রাখা যাবে। সকল স্থায়ী কমিটিতে মেয়র পদাধিকার বলে সদস্য থাকবেন এবং মেয়র আইন-শৃঙ্খলা ও জননিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি থাকবেন। স্থায়ী কমিটির সুপারিশ পরিষদের পরবর্তী সভায় বিবেচিত হবে এবং কোন সুপারিশ পৌর পরিষদে গৃহীত না হলে তাহার যথার্থতা ও কারণ লিখিতভাবে স্থায়ী কমিটিকে জানাতে হবে। স্থায়ী কমিটির সকল কার্যধারা পরিষদের সাধারণ সভার অনুমোদন সাপেক্ষে চূড়ান্ত হবে।

সমীক্ষাভুক্ত প্রতিটি পৌরসভায় ময়লা-আবর্জনা অপসারণ, সংগ্রহ ও পরিবহণ সংক্রান্ত একাধিক কমিটি রয়েছে এবং তা মোটামুটি কার্যকর রয়েছে।

৮.৩.৪ ওয়ার্ড কমিটি

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ১৪ অনুযায়ি পৌর এলাকার প্রত্যেক ওয়ার্ডে পরিষদের অনুমোদনক্রমে ওয়ার্ড কমিটি গঠন করতে হবে। এই ধারায় ওয়ার্ড কমিটির কার্যপরিধি সরকার বিধিমালা প্রণয়নের মাধ্যমে নির্ধারণ করবে। সরকার ধারা ১৪ ও ১২০ এর ক্ষমতা বলে “পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন ও কার্যপরিধি) বিধিমালা, ২০১২ জারি করেছে। বিধিমালায় ওয়ার্ড কমিটির গঠন, কমিটির সভা পরিচালনা, কার্যপরিধি ও প্রতিবেদন প্রেরণের বিষয়সমূহ সুনির্দিষ্টভাবে নির্ধারণ করা হয়েছে। সমীক্ষাভুক্ত প্রতিটি পৌরসভায় ওয়ার্ড কমিটি রয়েছে। তবে এ কমিটি মাত্র কিছু পৌরসভায় জোরালোভাবে ভূমিকা রাখতে পারছে।

সারণি-৬: ওয়ার্ড কমিটির গঠন।

সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর	১ জন	সভাপতি
সংশ্লিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর	১ জন	সহ-সভাপতি
নগর এর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি	৩ জন	সদস্য
নাগরিক সমাজের প্রতিনিধি	২ জন	সদস্য
পেশাজীবী সংগঠনের প্রতিনিধি	২ জন	সদস্য
সহঃ প্রকৌশলী/ উপ-সহঃ প্রকৌশলী	১ জন	সদস্য- সচিব
মোট	১০ জন	
উল্লেখ্য, ওয়ার্ড কমিটির মোট সদস্য সংখ্যার ৪০% হল মহিলা সদস্য।		

সূত্রঃ পৌরসভা (ওয়ার্ড কমিটি গঠন এবং কার্যপরিধি) বিধিমালা, ২০১২।

৮.৩.৪.১ ওয়ার্ড কমিটির কার্যপরিধি

(ক) ওয়ার্ডের চলমান, বাস্তবায়িতব্য উন্নয়নমূলক কাজের অগ্রগতি, গুনগতমান ও সমস্যা নিয়ে ওয়ার্ডের নাগরিকগণের সাথে আলোচনা করা;
(খ) ওয়ার্ড সভায় অবকাঠামো এবং সেবা ও সমস্যাসমূহ উপস্থাপন করা;
(গ) জনগণকে কর, উপ-কর, ফিস ও রেইট ইত্যাদি প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করা;
(ঘ) জন্ম-মৃত্যু নিবন্ধনসহ অত্যাবশ্যকীয় আর্থ-সামাজিক উপাত্ত সংগ্রহ করা;

(ঙ) রাস্তার বাতি, নিরাপদ পানির উৎস ও অন্যান্য জনকল্যাণমূলক প্রকল্প নির্ধারণের জন্য পরিষদকে পরামর্শ প্রদান;

(চ) পরিষ্কার পরিচ্ছন্নতা, স্যানিটেশন, পরিবেশ সংরক্ষণ, বৃক্ষ রোপন বিষয়ে গণসচেতনতা সৃষ্টি করা;

(ছ) ওয়ার্ডের বিভিন্ন শ্রেণি ও পেশার লোকের মধ্যে ঐক্য ও সুসম্পর্ক সৃষ্টি করার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা;

(জ) সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী (যেমন-ভিজিডি, ভিজিএফ, বয়স্ক ভাতা, ভর্তুকী, ইত্যাদি) ব্যক্তিদের তালিকা তৈরী করে পৌরসভায় প্রেরণ করা;

(ঝ) জনস্বাস্থ্য বিষয়ক কার্যক্রম বিশেষতঃ বিভিন্ন প্রকার রোগ প্রতিরোধ, পরিবার পরিকল্পনা কার্যক্রম, বর্জ্য অপসারণের ক্ষেত্রে স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে সহায়তা করা;

(ঞ) মহামারী ও প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলায় জরুরি ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা;

(ট) পৌরসভা কর্তৃক বাজেট অনুমোদন স্বাপেক্ষে প্রতি ছয় মাসে একবার ১৫০ জন গন্যমান্য ব্যক্তিকে আমন্ত্রণ জানিয়ে ওয়ার্ডের সার্বিক কর্মকাণ্ড সম্পর্কে উন্মুক্ত আলোচনা করে জনগণের মতামত বাস্তবায়নের জন্য পরিষদে প্রেরণ করা;

(ঠ) সরকার এবং পরিষদ কর্তৃক সময় সময় অর্পিত দায়িত্ব পালন করা;

(ড) কমিটি প্রতি তিন মাস অন্তর অন্তর ওয়ার্ডের কাজের অগ্রগতি সম্পর্কে পরিষদে প্রতিবেদন দাখিল করবে।

৮.৩.৫ শহর সমন্বয় কমিটি (টিএলসিসি)

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ১১৫ এ 'পৌর এলাকার জনগণের সাথে মতবিনিময়' এর বিষয়টি উল্লেখ রয়েছে। ধারা ১১৫ এর আলোকে স্থানীয় সরকার বিভাগ পৌরসভাগুলোকে ০৯ মার্চ ২০১১ অফিস আদেশ নং ৪৬.০৬৩.০২২.০১.০০.০০১.২০১১. ২৫৮ অনুযায়ী শহর সমন্বয় কমিটি (টিএলসিসি) গঠন করার নির্দেশ প্রদান করে। উক্ত অফিস আদেশে টিএলসিসি এর গঠন ও কার্যপরিধি নির্ধারণ করা হয়। মেয়র এর সভপতিত্বে গঠিত এ কমিটি ৫০ সদস্যবিশিষ্ট। সমীক্ষাভুক্ত প্রতিটি পৌরসভায় শহর সমন্বয় কমিটি রয়েছে এবং কিছু পৌরসভায় তা কার্যকর রয়েছে।

সারণি-৭: শহর সমন্বয় কমিটি (টিএলসিসি) গঠন।

পৌরসভার মেয়র	১	সভাপতি
কাউন্সিলর (মেয়র কর্তৃক নির্ধারিত)	অনধিক ১২	সদস্য
সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি (জেলা প্রশাসক, এলজিইডি, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, গণপূর্ত, সমাজসেবা, সমবায়, টিএন্ডটি)	৮	সদস্য
পেশাজীবি প্রতিনিধি (শিক্ষা, সংস্কৃতি, আইনজীবি, ব্যবসায়ী, চিকিৎসক	৫	সদস্য
এনজিও প্রতিনিধি	৪	সদস্য
নাগরিক সমাজ	১২	সদস্য
শহর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি	৭	সদস্য
প্রধান নির্বাহি কর্মকর্তা/সচিব	১	সদস্য-সচিব
উল্লেখ্য, টিএলসিসি'র সদস্য সংখ্যা ৫০ জনের বেশি হবে না।	৫০	

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগ এর ০৯ মার্চ ২০১১ তারিখের স্মারক নং ৪৬.০৬৩.০২২.০১.০০.০০১.২০১১.২৫৮

৮.৩.৫.১ শহর সমন্বয় কমিটি (টিএলসিসি)'র কার্যপরিধি

(ক) নাগরিকদেরকে পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় বিভিন্ন পর্যায়ে অংশগ্রহণের লক্ষ্যে সচেতন করাসহ পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা তৈরির বিষয় আলোচনার উদ্যোগ নেয়া;

(খ) পৌরসভার সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের বিষয় অগ্রগতি, সহযোগিতা ও তত্ত্বাবধান এবং মনিটরিং করা;

(গ) কমিটির সভায় পৌরসভার কর ধার্যকরণসহ কর আদায়ের বিষয়ে আলোচনা করা;

(ঘ) পৌরসভা কর্তৃক পৌরবাসীকে বিভিন্ন সেবা প্রদান সংক্রান্ত বিষয়ে আলোচনা করা;

(ঙ) কমিটি গঠনের ১৫ দিনের মধ্যে TLCC এর সভা আয়োজন করা;

(চ) প্রতি তিনমাসে অন্ততঃ একবার সভা আহ্বান করা এবং কার্যবিবরণী তৈরি করা;

(ছ) পৌরসভা কর্তৃক বাস্তবায়িত উন্নয়নমূলক কর্মকাণ্ডের অগ্রগতি, গুনগতমান ও সমস্যা নিয়ে আলোচনা করা;

(জ) পৌরসভার পরিচালনা ব্যবস্থাপনা উন্নয়নের বিষয়ে আলোচনা করা;

(ঝ) পৌরসভার উন্নয়ন কর্মকাণ্ডে নাগরিক সম্পৃক্ততা নিয়ে আলোচনা করা;

(ঞ) পৌরসভার স্থায়ী কমিটিসমূহের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা করা।

৮.৩.৬ পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনায় বেসরকারী খাতের অংশগ্রহণ

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৯৬ ধারায় বলা হয়েছে যে, সেবা নিশ্চিত করার লক্ষ্যে পৌরসভা বেসরকারি খাতের সাথে নির্ধারিত পদ্ধতিতে সেবা প্রদান চুক্তি সম্পাদন করতে পারবে। ৯৭ ধারায় উল্লেখ করা হয়েছে যে, পৌরসভা পানি সরবরাহ, পানি নিষ্কাশন ও পয়ঃনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা, রাস্তাঘাট এবং বাণিজ্যিক অবকাঠামো সংক্রান্ত যেসব কার্য পৌর পরিবেশ অবকাঠামোর সাথে সম্পৃক্ত পৌরসভা সেসব প্রকল্প পৌর নাগরিকগণের স্বার্থে বাস্তবায়ন করতে নিম্নবর্ণিত দুইটি পদ্ধতি গ্রহণ করতে পারবে: (ক) পৌরসভার নিজস্ব অর্থায়নে; অথবা (খ) সরকারি অথবা বেসরকারি অংশীদারিত্বমূলক চুক্তির মাধ্যমে। সমীক্ষাভূক্ত ৩টি পৌরসভা যথা: সাভার, যশোর ও বগুড়া তে বেসরকারি অংশীদারিত্বমূলক চুক্তির মাধ্যমে মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা করা হয়। পাশাপাশি ৫টি পৌরসভায় সিবিও রয়েছে যারা বর্জ্য ব্যবস্থাপনায় জনমত গঠনসহ আবর্জনা সংগ্রহ ও পরিবহণে সহায়তা করে।

৮.৩.৭ বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত সেবা প্রদানের উপর রেইট

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর তৃতীয় তফসিল (ধারা ৯৮ দ্রষ্টব্য) পৌরসভা কর্তৃক আরোপিত কর, উপ-কর, রেইট, টোল, ফিস এবং অন্যান্য সূত্র হইতে প্রাপ্ত যে আয়ের তালিকা উল্লেখ করা হয়েছে , সেখানে ময়লা আবর্জনা অপসারণ রেইট এর কথা বলা হয়েছে। পৌরসভা আদর্শ কর তফসিল ২০১৪ এর দফ ২২ এ বলা হয়েছে পৌরসভা কর্তৃক ময়লা আবর্জনা অপসারণ সুবিধা প্রদান করা হলে প্রদত্ত সেবার রক্ষণাবেক্ষণ ও আনুষঙ্গিক ব্যয় বাবদ ইমারত ও ভূমির বার্ষিক মূল্যের উপর সর্বোচ্চ ৭% (শতকরা সাত ভাগ) হারে রেইট আরোপ করা যাবে। এছাড়া দফা ২৩ এ উল্লেখ করা হয়েছে যে, পৌরসভা কর্তৃক পয়ঃনিষ্কাশন সুবিধা প্রদান করা হলে, সুবিধাপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ইমারত ও ভূমির বার্ষিক মূল্যের উপর সর্বোচ্চ ১২% (শতকরা বার ভাগ) হারে রেইট আরোপ করা যাবে।

৮.৩.৮ বর্জ্য ব্যবস্থাপনায় অসহযোগিতা অপরাধ

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর চতুর্থ তফসিল (ধারা ১০৮ দ্রষ্টব্য) আইনের অধীনে আমলযোগ্য ৬১টি অপরাধসমূহের কথা বলা হয়েছে। উক্ত অপরাধের মধ্যে বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা রয়েছে।

১. কোন সড়ক অথবা পৌরসভা কর্তৃক এতদুদ্দেশ্যে ব্যবস্থিত অথবা নির্ধারিত নয় এমন কোন স্থানে আবর্জনা ফেলা অথবা রাখা। [দফা ১৩]

২. পৌরসভার অনুমতি ব্যতীত, জীবজন্তুর দেহাবশেষ ফেলা। [দফা ২৫]

৩. পৌরসভার নির্দেশে কোন শৌচাগার, প্রস্রাবখানা, নর্দমা, মলকুন্ড অথবা ময়লা, নোংরা পানি, অথবা বর্জ্য পদার্থ রাখার পাত্র সরবরাহ, বন্ধ, অপসারণ, পরিবর্তন, মেরামত, পরিষ্কার, জীবাণুমুক্তকরণ অথবা যথাযথ রাখতে ব্যর্থ হওয়া। [২৬]

৪. পৌরসভা কর্তৃক ঘোষিত স্বাস্থ্যের জন্য ক্ষতিকর অথবা পরিবেশের প্রতি ক্ষতিকারক ঘন গাছপালা অথবা ঝোপ, কোন জমির মালিক অথবা দখলদার কর্তৃক পরিষ্কার অথবা অপসারণ করতে ব্যর্থ হওয়া। [২৭]

৫. দুগ্ধজাত দ্রব্য ও খাদ্যের উদ্দেশ্যে পালিত পশুকে ক্ষতিকারক বস্তু, ময়লা অথবা আবর্জনা খাওয়ানো অথবা খাবার সুযোগ দেওয়া। [৩৭]

৬. নির্ধারিত স্থান ব্যতীত, অন্য কোন স্থানে মাংস বিক্রয়ের উদ্দেশ্যে পশু জবাই করা। [৩৮]
৭. পৌরসভা কর্তৃক বিপজ্জনক বলিয়া ঘোষিত পদ্ধতিতে কাঠের গুড়ি, কাঠ, শুকনা ঘাস, খড় অথবা অন্য কোন দাহ্য বস্তু স্তূপিকৃত করা অথবা সংগ্রহ করা। [৪৪]
৮. পৌরসভা কর্তৃক নির্দেশের পরেও কোন ইমারতের মালিক অথবা দখলদার কর্তৃক বাড়ির ময়লা নিষ্কাশনের পর্যাপ্ত ব্যবস্থা করতে ব্যর্থ হওয়া। [৫৪]
৯. এই আইন কর্তৃক অথবা ইহার অধীন প্রদত্ত ক্ষমতা প্রয়োগে পৌরসভার কর্মকর্তা অথবা কর্মচারী অথবা পৌরসভা কর্তৃক কর্তৃত্বপ্রাপ্ত কোন ব্যক্তিকে ইচ্ছাকৃতভাবে বাধা প্রদান।

৮.৩.৯ অপরাধের দন্ড

স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ১০৯ বলা হয়েছে যে, এই আইনের অধীনে কোন অপরাধের শাস্তি হিসাবে অনধিক ২০০০ (দুই হাজার) টাকা জরিমানা করা যাবে এবং অপরাধটি পুনরাবৃত্তি ঘটলে প্রথমবার অপরাধ সংঘটনের পর ঐ অপরাধের সাথে পুনরায় জড়িত থাকার সময়কালে প্রতিদিনের জন্য অনধিক ২০০ (দুইশত) টাকা জরিমানা করা যাবে। ধারা ১১০ এ বলা হয়েছে, মেয়র অথবা নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক সাধারণভাবে অথবা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি এই আইনের অধীনে কোন অপরাধের আপোষ মীমাংসা করতে পারবেন। উল্লেখ্য পৌরসভা অথবা কোন ব্যক্তির নিকট হইতে লিখিত কোন অভিযোগ ব্যতীত, কোন আদালত এই আইনের অধীন কোন অপরাধ বিচারার্থে গ্রহণ করবে না। [ধারা ১১১]

৮.৩.১০ বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত আইন ও বিধিসমূহ

বাংলাদেশের সব আইনের মূল উৎস গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান তাই দেশের পৌর বর্জ্য ব্যবস্থাপনার বিদ্যমান আইনি কাঠামো গড়ে উঠেছে: ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান; খ) বাংলাদেশ জাতীয় সংসদে প্রণীত আইন; গ) নিয়মাবলী (The Rules); ঘ) উপ-আইন; ঙ) বিধিমালা। বাংলাদেশে পৌর বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কিত নিম্নলিখিত আইন, উপ-আইন, আদেশ ও বিধিমালাসমূহ রয়েছে:

৮.৩.১০.১ পরিবেশ সংরক্ষণ সংক্রান্ত আইন, বিধিমালা ও আদেশ

১. বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫
২. বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন), ২০০০
৩. বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন), ২০০২
৪. বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন), ২০১০
৫. পরিবেশ আদালত আইন, ২০০০
৬. পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭
৭. পরিবেশ সংরক্ষণ বিধিমালা (সংশোধিত ফেব্রুয়ারি), ১৯৯৭
৮. পরিবেশ সংরক্ষণ বিধিমালা (সংশোধিত আগস্ট), ১৯৯৭
৯. পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ (সংশোধিত ২০০৫)
১০. পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ (সংশোধিত ২০১০)
১১. পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ (সংশোধিত ২০১৭)
১২. পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ (সংশোধিত ২০২০)
১৩. প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা বিধিমালা ২০১৬

৮.৩.১০.২ বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত বিধিমালা ও আদেশ

১. চিকিৎসা-বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮
২. বিপদজনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১
৩. ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক পণ্য হইতে সৃষ্ট বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ (খসড়া)

৮.৩.১০.৩ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইনের পাশাপশি নিম্নে উল্লিখিত বেশ কিছু আইন রয়েছে যা বর্জ্য ব্যবস্থাপনার সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সর্ম্পকিত

১. পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রন আইন, ২০১১ (এই আইনে জবাইখানার বাইরে পশু জবাই নিষিদ্ধ করা হয়েছে যার ফলে পশুবর্জ্য যত্রতত্র ছড়িয়ে পড়বে

না এবং এই আইনের অধীনে প্রণীত বিধি অনুয়ায়ী জবাইখানার বর্জ্য ব্যবস্থাপনা করতে হবে।)

২. স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯।

৩. স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯।

৪. সার ব্যবস্থাপনা আইন, ২০০৬।

৫. বাংলাদেশ শ্রমআইন, ২০০৬ (এই আইনে কারখানাগুলো ময়লা-আবর্জনা মুক্ত ও পরিস্কার পরিচ্ছন্ন রাখতে বলেছে।)

৮.৪ পৌর বর্জ্য ব্যবস্থাপনায় চ্যালেঞ্জসমূহ

৮.৪.১ সময়মত বর্জ্য না দেওয়া

সাধারণত: পরিচ্ছন্নতা কর্মীরা ময়লা-আবর্জনা ঝাড়ু দিয়ে নির্দিষ্ট জায়গায় জড়ো করে বা প্রত্যেক বাড়ির নির্দষ্ট জায়গায় ময়লা-আবর্জনা রাখে। আবর্জনা সংগ্রহকারীগণ নির্ধারিত সময়ে পরিচ্ছন্নতা কর্মীদের স্তুপীকৃত এবং বসতবাড়ীর সামনে জমাকৃত আবর্জনা সংগ্রহ করেন। অনেক সময় দেখা যায় তারা চলে যাওয়ার পর ময়লা-আবর্জনা ফেলা হয়।

৮.৪.২ নির্ধারিত স্থানে ময়লা না ফেলা

প্রায়ই দেখা যায় নগরবাসী ডাস্টবিন বা ময়লার জন্য নির্ধারিত স্থানে ময়লা না রেখে তার পাশে বা ভাগারে বা নর্মদায় ফেলে রাখে।

৮.৪.৩ বাড়িওয়ালাদের অসহযোগিতা

বেশিরভাগ বাড়িওয়ালা তাঁদের বাড়ির সামনে বা আশেপাশে ডাস্টবিন স্থাপন পছন্দ করেন না। কিছু সংখ্যক বাড়িওয়ালা সংগোপনে সুয়ারেজের লাইন ড্রেনের (ঝড়-বৃষ্টির পানি) লাইনের সাথে সংযোগ করে। এছাড়াও উল্লেখযোগ্য সংখ্যক বাড়িওয়ালা ইমারত নির্মাণ সামগ্রী যেমন: ইট, বালু, খোয়া, রড, বাঁশ, সার্টার, কাঠ বাড়ি সামনে বা আশোপাশে রাস্তায় দিনের পর দিন ফেলে রাখে। অনেকে রাস্তার উপর ইট, বালু, খোয়া, সিমেন্ট মিক্সিং করে এবং কাজ শেষে পরিস্কার করে না।

৮.৪.৪ অপর্যাপ্ত পরিচ্ছন্নতাকর্মী

বেশিরভাগ পৌরসভায় আয়তন ও জনসংখ্যা অনুপাতে পরিচ্ছন্নতাকর্মী কম। গড়ে ১১৩৭ জন লোক সংখ্যার বিপরীতে ১ জন পরিচ্ছন্নতা কর্মী। অন্যভাবে বলতে গেলে গড়ে ০.১৩ বর্গ কি:মি: এলাকার জন্য ১ জন পরিচ্ছন্নতা কর্মী। রাজধানী ঢাকার লাগোয়া সাভারের মত একটি ব্যস্ততম পৌরসভা যার মধ্য দিয়ে ৪ কি: মি: জাতীয় মহাসড়ক রয়েছে এবং প্রতিদিন উল্লেখযোগ্য পরিমাণ মানুষ যাতায়াত করে, সেখানে ৪৮৪৮ জন লোক সংখ্যার বিপরীতে ১ জন পরিচ্ছন্নতা কর্মী রয়েছে। গড়ে পরিচ্ছন্নতাকর্মী প্রতি সবচেয়ে কম জনসংখ্যা (১ হাজারের নীচে) যথাক্রমে পাবনা ৪৫৮ জন, নওগাঁ ৫২৯ জন, কুষ্টিয়া ৫৯৯ জন, উল্লাপাড়া ৬১০ জন, মাগুরা ৭৮০ জন, পাংশা ৮৬০ জন ও যশোর ৮৯৬ জন এবং সর্বোচ্চ মোরেলগঞ্জ ৬০০০জন। অধিকন্তু পরিচ্ছন্নতা কর্মী দিয়ে গাড়ী চালক, ট্রাক লেবার, অফিস সহায়ক, সার্ভেয়ার প্রভৃতি হিসেবে কাজ করানো হয় ।

৮.৪.৫ পরিচ্ছন্নতাকর্মীদের সুরক্ষা সামগ্রীর অভাব

ময়লা-আবর্জনা জীবাণু ও অন্যান্য ঝুঁকি হতে রক্ষা পাওয়ার জন্য পরিচ্ছন্নতা কর্মীদের বিভিন্ন ব্যাক্তিগত সুরক্ষা সামগ্রী দরকার হয় যেমন: মাস্ক, চশমা, হেলমেট, গামবুট, হ্যান্ড গ্লাভস, এপ্রোন প্রভৃতি। পৌরভার আর্থিক সামর্থ্যভেদে এ সকল সামগ্রী অপ্রতুল। অনেক ক্ষেত্রে এ সকল সুরক্ষা সামগ্রীর গুনগত মান নিয়েও সমস্যা রয়েছে।

৮.৪.৬ আধুনিক পরিচ্ছন্নতা সামগ্রী ও যানবাহনের স্বল্পতা

পরিচ্ছন্নতা কাজে বিভিন্ন সরঞ্জাম যেমন: বেলচা, ঝুড়ি, ট্রলি, পুশকার্ট, কোদাল, বালতি, ব্রাশ প্রভৃতি এবং যানবাহন যথা: গার্বেজ ট্রাক, কনটেইনার, ট্রাক্টর, এস্কেভেটর, লোডার ও যন্ত্রপাতি যথা: ভ্যাকুয়াম ক্লিনার, স্ক্রাবিং মেশিন, ভ্যাপর ক্লিনিং মেশিন, ইত্যাদি প্রয়োজন হয়। অনেক পৌরসভায় এগুলোর স্বল্পতা রয়েছে। পাশাপাশি মেরামতের অভাবে অনেক যানবাহন ও যন্ত্রপাতি অকেজো হয়ে পড়েছে।

৮.৪.৭ জনসচেতনতার অভাব

সাক্ষাৎকার এবং ফোকাস গ্রুপ ডিসকাসন উভয় ক্ষেত্রেই উঠে এসেছে যে, নগরবাসীর নির্ধারিত স্থান ও সময়ে আবর্জনা ফেলতে যথেষ্ট সচেতন নয়। যার ফলে রাস্তা-ঘাট ও ড্রেনে ময়লা পাওয়া যায়। বাজার-ঘাটে ব্যবসায়ীরা ব্যবসা প্রতিষ্ঠানের ময়লা-আবর্জনা রাস্তা ও ড্রেনে ফেলে রাখে।

৮.৪.৮ পরিদর্শন ও তদারিকের জন্য যানবাহন, মেবাইল সেট ও বিল ইত্যাদি

পরিচ্ছন্নতা কাজ পরিদর্শন ও তদারকির করার জন্য কঞ্জারভেন্সি ইন্সপেক্টর ও সুপারভাইজারের যানবাহনের দরকার হয়। পাশপাশি তাদের সাথে যোগাযোগ করার জন্য মোবাইল সেট ও রিচার্জের প্রয়োজন রয়েছে। বেশিরভাগ উত্তরদাতা বলেছেন তাদের যানবাহনের অপ্রতুলতা রয়েছে। পায়ে হেঁটে বা রিকশা চড়ে পরিদর্শন ও তদারকি কষ্টসাধ্য। কিছু সংখ্যাক উত্তরদাতা বলেছেন পরিদর্শন কাজে তারা নিজের মটর সাইকেল ব্যবহার করে থাকেন। অন্যদিকে যথাযথ পরিদর্শন ও মনিটরিং এ স্মার্ট ফোনের প্রয়োজন হয়। এক্ষেত্রে ও তারা নিজের মোবাইল ব্যবহার করেন। তবে পৌরসভা হতে পর্যাপ্ত জ্বালানী তেল ও মোবাইল বিল পাওয়া যায় না মর্মে বেশিরভাগ উত্তরদাতা উল্লেখ করেন। বিভিন্ন ডকুমেন্ট পর্যালোচনা করে দেখা যায় ২১টি পৌরসভার মধ্যে মাত্র ৮টি পৌরসভায় কঞ্জারভেন্সি ইন্সপেক্টর ও ২টি পৌরসভায় সুপারভাইজারের জন্য যানবাহনের ব্যবস্থা রয়েছে।

৮.৪.৯ সময়মত বেতন পরিশোধ

সঠিক সময়ে পরিচ্ছন্নতা কর্মীদের বেতন পরিশোধ করা অনেক পৌরসভার অন্যতম চ্যালেঞ্জ। উত্তরদাতাগণ বলেছেন যে, ক্ষেত্রমতে পৌরসভার আর্থিক দৈন্যতা থাকলেও পরিচ্ছন্নতাকর্মীদের বেতন যথাসময়ে প্রদান করার চেষ্টা করেন।

৮.৪.১০ পরিচ্ছন্নতা কর্মীর সন্তোষজনক মজুরী

অধিকাংশ পরিচ্ছন্ন কর্মীরা দৈনিক ভিত্তিতে কাজ করে এবং যৎসামান্য মজুরী পেয়ে থাকে। পৌরসভাভেদে এ মুজুরীর হার ভিন্নতর। বেশিভাগ ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত মজুরী বা ন্যূনতম মজুরী বোর্ড কর্তৃক নির্ধারিত ন্যূনতম মজুরীর চেয়ে কম। গবেষণায় জানা যায় পৌরসভায় দুই ধরণের পরিচ্ছন্নতা কর্মী রয়েছে কিছু পরিচ্ছন্নতা কর্মী শুধু ২ ঘন্টা রাস্তা ঝাড়ু দেয় অন্যরা দিনব্যাপী কাজ করে। ২ ঘন্টা কাজ করা কর্মী ৩৪-১০০ টাকা এবং অন্যরা ১০০-৪০০ টাকা মুজুরী পেয়ে থাকে।

সারণি-৮:দৈনিক ভিত্তিক শ্রমিক মজুরি হার।

ক্রমিক নং	দপ্তরের অবস্থান	শ্রমিকের ধরণ	বিদ্যমান দৈনিক মজুরির হার (টাকা)	পুনঃনির্ধারিত দৈনিক মজুরির হার (টাকা)
১।	ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৫০০.০০	৬০০.০০
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৪৭৫.০০	৫৭৫.০০
২।	বিভাগীয় শহর ও অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৫০০.০০	৬০০.০০
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৪৫০.০০	৫৫০.০০
৩।	জেলা ও উপজেলা এলাকা	নিয়মিত দক্ষ শ্রমিক	৪৫০.০০	৫৫০.০০
		অনিয়মিত অদক্ষ শ্রমিক	৪০০.০০	৫০০.০০

সূত্রঃ অর্থ বিভাগের ১২ অক্টোবর, ২০২০ তারিখের স্মারক নং ০৭.০০.০০০০.১৭৩.৬৬.০৫৯.১৫(অংশ-১)-৯৩

৮.৪.১১ ভ্রাম্যমাণ ব্যবসায়ী

ফোকাস গ্রুপ ডিসকাসনে উত্তরদাতাগণ জানান শহরের মধ্যে অনেক ভ্রাম্যমাণ ব্যবসায়ী (আইসক্রিম, বাদাম, চা-কফি, ডাব, তাল, কলা, সব্জি, ইত্যাদি) রয়েছে যারা নিজেরা অনেক ময়লা তৈরি করে। বেশিরভাগ ক্ষেত্রে দেখা যায় এরা উল্লিখিত ময়লা নিজ দায়িত্বে নির্ধারিত জায়গায় না ফেলে যত্রতত্র ফেলে রাখে। এমনকি পাবলিক টয়লেট/শপিংমলের টয়লেট/হাসপাতালের টয়লেট ব্যবহার না করে রাস্তার পাশে মলমূত্র ত্যাগ করে।

৮.৪.১২ অবিবেচক পথচারী

আলোচনায় উল্লেখযোগ্য সংখ্যাক উত্তরদাতা বলেন অনেক অবিবেচক পথচারী রয়েছেন যারা টিস্যু, কলার খোসা, বিস্কুটের প্যাকেট, পানির বোতল, কোমল

পানীয় এর বোতল, সিগারেটের অবশিষ্টাংশ ও প্যাকেট, বাদামের খোসা, আইসক্রিমের কাপ ও কাঠি ইত্যাদি রাস্তায় ফেলে দেয়। উপরন্তু তারা সুযোগ সুবিধামত রাস্তার পাশে মলমূত্র ত্যাগ করে।

৮.৪.১৩ ঝুঁকি ভাতা

পরিচ্ছন্নতা কর্মীরা মৃত জীবজন্তুর দেহ সৎকার এবং অনেক বিপজ্জনক বর্জ্য অপসারণ করে থাকে। স্বাস্থ্য ও জীবনের ঝুঁকি নিয়ে তাদের এ সকল কাজ করতে হয় । কিন্তু পরিতাপের বিষয় বেশিরভাগ ক্ষেত্রে তাদের কোন ঝুঁকি ভাতা দেয়া হয় না।

৮.৪.১৪ ওভার টাইম মজুরী

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর ধার ১০০ অনুযায়ি শ্রমিকের কর্মঘন্টা দিনে সর্বোচ্চ ৮ (আট) ঘন্টা। এর অধিক কাজ করালে তাকে ওভারটাইম মজুরী দিতে হয়। তবে প্রতিদিন ২ (দুই) ঘন্টার বেশি অতিরিক্ত কাজ করানো যাবে না [বাংলাদেশ শ্রম বিধিমালা ২০১৫, বিধি ৯৯]। পরিচ্ছন্নতা কর্মীরা সকল প্রকার সরকারী ছুটির দিনসহ ক্ষেত্রমতে ভোর থেকে গভীর রাত পর্যন্ত কাজ করা। এই অতিরিক্ত কাজের জন্য কোন প্রকার অতিরিক্ত ভাতা তাদের দেয়া হয় না।

৮.৪.১৫ সুবিধামত ডাম্পিং না থাকা

বাংলাদেশের বেশিরভাগ পৌরসভার সুবিধাজনক ডাম্পিং গ্রাউন্ড নেই। এমন অনেক পৌরসভা রয়েছে যাদের কোন ডাম্পিং গ্রাউন্ডই নেই।

৮.৪.১৬ পৌরসভার আর্থিক সামর্থ্য

অনেক পৌরসভার অর্থিক সামর্থ্য অপর্যাপ্ত। কর্মচারীগণের বেতন ভাতা প্রদান করতে হিমশিম খেতে হয়। ঐ সকল পৌরসভা ময়লা-আবর্জনা অপসারণ খাতে স্বাভাবিকভাবে পর্যাপ্ত বরাদ্দ রাখতে পারে না। ক শ্রেণির পৌরসভায় বেতন-ভাতা বাবদ গড়ে ২-১০ কোটি টাকার বেশি অর্থের প্রয়োজন হয়। এ সমীক্ষায় মাত্র ৬টি পৌসভার বাৎসরিক নিজস্ব আয় ৭ কোটি টাকার বেশি। নতুন বেতন স্কেল, নগরবাসীর আর্থ-সামাজিক অবস্থা, সঠিক কর মূল্যায়ন ও আদায়, জনপ্রতিনিধিগণের আগ্রহ, রাজনৈতিক আগ্রহে শ্রেণি পরিবর্তন প্রভৃতি কারণে পৌরসভার লেনদেনের ভারসাম্যে অসামঞ্জস্যতা রয়েছে।

৮.৪.১৭ কারগিরী দক্ষতার অভাব

ময়লা আবর্জনা সংগ্রহ, পরিবহন, ডাম্পিং, ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী ব্যবহার, স্বাস্থ্য সুরক্ষা, প্রভৃতি বিষয়ে পরিচ্ছন্নতা কর্মীদের দক্ষতার অভাব রয়েছে। অনেকে ক্ষেত্রে সঠিক ব্যবহার না জানার কারণে ব্যক্তিগত সুরক্ষা সমাগ্রী ব্যবহার করে না। পাশাপাশি যথাযথ স্বাস্থ্য বিধি না জানার কারণে অনেকে বিভিন্ন রোগে আক্রান্ত হয়। সেপটিক ট্যাংকের বিষক্রিয়ায় অনেক কে জীবন দিতে হয়।

৮.৫ চ্যালেঞ্জসমূহ উত্তরণের উপায়

৮.৫.১ জনসচেতনতা বৃদ্ধি করা

বর্জ্য ব্যবস্থাপনায় চ্যালেঞ্জ উত্তরনের অন্যতম প্রধান উপায় হলো জন সচেতনতা বৃদ্ধি। নগরবাসী ও সংশ্লিষ্ট অংশীজন সচেতন না হলে এ কাজে সফলতা পাওয়া খুবই দুষ্কর। অনেক যায়গায় দেখা যায় রাস্তা ঝাড়ু দেয়ার পর পথচারী, দোকনদার, পরিবহন শ্রমিক ময়লা ফেলে। আবার আবর্জনা সংগ্রহকারী চলে যাবার পর বাসা বাড়ি থেকে আবর্জনা ফেলা হয় বা জনালা দিয়ে আবর্জনা ছুড়ে ফেলা হয়। সুতরাং জনসচেতনতা বৃদ্ধির জন্য নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। যথা:

(ক) ওয়ার্ডে ওয়ার্ডে ময়লা আর্বজনা অপসারণে সহযোগিতার জন্য গন সংযোগ করা;

(খ) বিভিন্ন জনসভায় বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে বক্তব্য রাখা;

(গ) বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করা;

(ঘ) বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে সময়মত এবং সঠিক জায়গায় ময়লা ফেলার গুরুত্ব তুলে ধরা;

(ঙ) সামাজিক যোগাযোগ মাধ্যমে সচেতনতামূলক পোস্ট, পরিচ্ছন্নতা কার্যক্রমের ছবি, ভিডিও আপলোড করে উৎসাহিত করা;

(চ) মহল্লা মহল্লায় সিবিও গঠন এবং তাদের প্রয়োজনীয় সহযোগতিাসহ উৎসাহিত করা;

(ছ) গৃহকর্মীসহ সাধারণ জনগণের সচেতনতা বাড়ানোর পরামর্শ দেয়ার জন্য এনজিও'র সহযোগিতা নেয়া;

(জ) স্থানীয় বিজ্ঞাপন দাতাদের সাথে আলোচনা করে বিল বোর্ডের নিচে/সাথে বর্জ্য নিয়ে সচেতনতামূলক বক্তব্য প্রচার; এবং

(ঝ) ছোট ছোট ভিডিওক্লিপ, নাটিকা তৈরী করে স্থানীয় সিনেমা হল, লোকাল টিভি চ্যানেল, ক্যাবল টিভি নেটওয়ার্কে প্রচার করা।

৮.৫.২ প্রশাসনিক কার্যক্রম

প্রশাসনিক এবং সাংগঠনিকভাবে দূর্বল হলে সাধারণ চ্যালেঞ্জই অতিক্রম করা কঠিন হয়ে পড়ে। প্রগতিশীল এবং প্রতিনিধত্বশীল প্রশাসনিক কার্যক্রমের মাধ্যমে অনেক চ্যালেঞ্জ প্রশমন করা যায়। অতএব বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম শক্তিশালী করতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। যথা:

(ক) পৌর পরিষদের মাসিক সভায় বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করা;

(খ) সময়মত বেতন ভাতা পরিশোধ করা;

(গ) পরিচ্ছন্নতা অভিযানে নেতৃত্ব দান এবং ময়লা আর্বজনা অপসারণ কার্যক্রম আকস্মিক পরিদর্শন করা;

(ঘ) ভ্রাম্যমান কোর্ট পরিচালনা করে আবর্জনা অপসারণে বাধা বা অসহযোগিতা প্রদানকারীকে জরিমানা এবং আদায় করা;

(ঙ) সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর এর মাধ্যমে পরিচ্ছন্নতা কার্যক্রমের হালনাগাদ তথ্য নেয়া।

(চ) পর্যাপ্ত পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ করা;

(ছ) পর্যাপ্ত ও আধুনিক পরিচ্ছন্নতা যন্ত্রপাতি ও দ্রব্যাদি সরবারহ নিশ্চিত করা;

(জ) পর্যাপ্ত ও আধুনিক ব্যাক্তিগত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সরবারহ নিশ্চিত করা;

(ঝ) পর্যাপ্ত ডাস্টবিন স্থাপন ও ব্যবহার নিশ্চিত করা;

(ঞ) পর্যাপ্ত পাবলিক টয়লেট স্থাপন ও ব্যবহার নিশ্চিত করা;

(ট) বর্জ্য ব্যবস্থাপনা ও অপসারণ বিষয়ক স্থায়ী কমিটি গঠন ও নিয়মিত সভার আয়োজন;

(ঠ) পরিচ্ছন্নতা কর্মীদের দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন প্রকার প্রশিক্ষণের আয়োজন করা;

(ড) পর্যাপ্ত যানবাহনের ব্যবস্থা করা;

(ঢ) টিএলসিসি ও ডব্লিউ সি কমিটির সভায় বর্জ্য ব্যবস্থাপনা নিয়ে নিয়মিত আলোচনা করা;

(ণ) প্রয়োজনীয় সংখ্যক সেকেন্ডারী স্টেশন ও ঢাকনাযুক্ত ডাস্টবিন স্থাপন; এবং

(ত) মাসিক মূল্যায়নের ভিত্তিতে বিদ্যমান সমস্যা সমাধান করা।

৮.৫.৩ প্রাতিষ্ঠানিক প্রচার

কথায় আছে 'প্রচারেই প্রসার, অপপ্রচারে অপকার'। সাধারণ মানুষ যদি বুঝতে পারে যে, পৌরসভা তাদের কল্যাণে কাজ করছে এবং তাদের প্রদেয় কর, রইট, টোল ও ফিসের টাকা মিতব্যায়িতার সাথে তাদের কল্যাণেই ব্যয় হচ্ছে তাহলে মানুষ পৌরসভার উপর আস্থা রাখবে এবং সকল কাজে সহযোগিতা করবে। সুতরাং পৌরসভা যে সকল জনকল্যাণমূলক কাজ করে সেগুলো মানুষের সামনে সুন্দরভাবে তুলে ধরতে হবে। প্রাতিষ্ঠানিক প্রচারের জন্য যে সকল পদক্ষেপ গ্রহন করা যেতে পারে তা হলো:

(ক) স্থানীয় কেবল টিভি নেটওয়ার্কে "জনসচেতনতা মূলক" বিজ্ঞাপন, নাটিকা, ইত্যাদি প্রচার;

(খ) শহরের গুরুত্বপূর্ণ স্থানে যেখানে জনসমাগম বেশি সে সকল স্থানে সচেতনতামূলক বিল বোর্ড স্থাপন;

(গ) নির্দিষ্ট সময় অন্তর শহরের প্রধান সড়কে বিভিন্ন সময়ে র‍্যালী করা;

(ঘ) বিভিন্ন প্রকার জনসচেতনতামূলক উঠান বৈঠক, মাইকং ও লিফলেট বিতরণ করা;

(ঙ) জনসচেতনা বৃদ্ধির লক্ষে উঠান বৈঠক, মাইকং, লিফলেট বিতরণ ও র‍্যালী করা; এবং

(চ) গৃহস্থালি বর্জ্য, মেডিকেল বর্জ্য, শিল্প বর্জ্য আলাদা করার জন্য লিফলেট বিতরণ।

৮.৫.৪ বিভিন্ন অংশীজনের সাথে মতবিনিময়

পৌরসভার অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান, বণিক সমিতি, বিশিষ্ট নাগরিক ও শিল্পপতি, বেসরকারী প্রতিষ্ঠান, এনজিও, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ (এসএমই), দোকান মালিক সমিতি, বাজার ব্যবস্থাপনা কমিটি, স্থানীয় মিডিয়া, শিক্ষা প্রতিষ্ঠান, শ্রমিক ইউনিয়ন, যানবাহন মালিক সমিতি, যানবাহন চালক সমিতি, সাংস্কৃতিক সংগঠন, ক্রীড়া সংগঠন, ক্লিনিক ও হাসপাতাল মালিক সমিতি, বিভিন্ন পেশাজীবী সংগঠন, ইত্যাদি এর সাথে মতবিনিময় সভা আয়োজন করা।

৮.৫.৫ জনবল বৃদ্ধি ও শূণ্য পদে লোক নিয়োগ

পৌরসভাগুলোতে আয়তন ও জনসংখ্যা অনুপাতে স্থায়ী জনবলের ঘাটতি রয়েছে। এ সমীক্ষায় ২১টি পৌরসভার মধ্যে স্বাস্থ্য কর্মকর্তা ১৯টি পদ ও কনজারভেন্সি ইন্সপেক্টর ৫টি পদ শূণ্য রয়েছে। পাশাপাশি সুপারভাইজার এর পদ যদিও চুক্তিভিত্তিক তথাপি ৫টি পৌরসভায় এ পদে কোন নিয়োগ নেই। অন্যদিকে ৩টি পৌরসভায় অতিরিক্ত লোক নিয়োগ করা হয়েছে এবং ১৩টি পৌরসভায় আপংশিক নিয়োগ করা হয়েছে।

৮.৫.৬ পরিচ্ছন্নতা কর্মীদের কার্যক্রম তদারকি

কোন নির্দিষ্ট কাজ নির্দিষ্ট সময়ে ও নির্দিষ্ট নীতিমালার আলোকে বাস্তবায়ন হচ্ছে কিনা তা দেখা এবং প্রয়োজনীয় ফিডব্যাক ও পরামর্শের ভিত্তিতে কাজের মান উন্নয়ন করাই হলো তদারকি। তদারকি কার্যক্রম জোরদার করতে নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে:

(ক) যথাযথ মনিটরিং ও সুপারভিশন;
(খ) শহরের পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিদর্শন করা;
(গ) পরিচ্ছন্নতা কর্মীদের হাজিরা নিশ্চিত করা;
(ঘ) সুপারভাইজার ও পরিচ্ছন্নতা কর্মীদের মধ্যে দায়িত্ব বন্টন নিশ্চিত করা;
(ঙ) সুপারভাইজার ও পরিচ্ছন্নতা কর্মীদের কাজ তদারকি নিশ্চিত করা;
(চ) বিভিন্ন অ্যাপস এর মাধ্যমে মনিটরিং নিশ্চিত করা;
(ছ) লক্ষ্য ও উদ্দেশ্যকে সামনে রেখে কাজের অগ্রগতি যাচাইয়ের জন্য তথ্য সংগ্রহ করা; এবং
(জ) অর্জিত ফলাফলের সাথে লক্ষমাত্রার প্রভেদ নির্ণয় করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা।

৮.৫.৭ পরিচ্ছন্নতা কর্মীদের প্রেষণা প্রদান

প্রেষণা হচ্ছে এমন একটি প্রক্রিয়া যার সাহায্যে কর্মীদের কে লক্ষ্য অর্জনের জন্য অধিক উৎসাহিত করা যায়। ফলে কর্মীরা কাজে অধিক আত্মনিয়োগ করে। কর্মীর কাজ করার সাথে প্রেষণা জড়িত। প্রেষণার মাধ্যমে কর্মীর উচ্চ মনবল, কাজে সন্তুষ্টি অর্জন, দক্ষতা বৃদ্ধি, অপচয় হ্রাস, উৎপাদন ক্ষমতা বৃদ্ধি, উত্তম শ্রম ব্যবস্থাপনা, সম্পর্ক সৃষ্টি, মানব শাক্তির সর্বোত্তম ব্যবহার, কাজের গতিশীলতা বৃদ্ধি, উদ্যোগ ও উন্নয়ন এবং জীবনযাত্রার মান উন্নয়ন করা যায়। প্রেষণার দুইটি উপাদান যথাঃ আর্থিক ও অনার্থিক। আর্থিক উপাদান হলো: ন্যায্য মজুরী বা বেতন, বোনাস, বাসস্থান সুবিধা, চিকিৎসা সুবিধা, পরিবহণ সুবিধা, মুনাফার অংশ, পদোন্নতি, পুরস্কার, বীমা, অতিরিক্ত কাজের পারিশ্রমিক, ইত্যাদি। অনার্থিক উপাদান হলোঃ চাকরীর নিরাপত্তা, উপযুক্ত কাজের পরিবেশ, আকর্ষণীয় কাজ, ব্যাক্তিগত ক্ষমতা ও অধিকার, মত প্রকাশের স্বাধীনতা, ভাল ব্যবহার, বিনোদনের ব্যবস্থা, প্রশিক্ষনের সুযোগ, শ্রমিক সংঘ গঠনের সুযোগ, ইত্যাদি।

সমাজবিজ্ঞানী আব্রাহাম মাসলো প্রেষণা তত্ত্ব বা চাহিদা সোপান তত্ত্বে মানুষের চাহিদা বা অভাব গুলোকে পাঁচটি শ্রেণিতে বিভক্ত করে গুরুত্ব অনুযায়ী সাজিয়েছেন যথাঃ ১। দৈহিক বা জৈবিক চাহিদা, ২। নিরাপত্তামূলক চাহিদা, ৩। সামাজিক চাহিদা, ৪। আত্মতৃপ্তির চাহিদা, ৫। আত্মপ্রতিষ্ঠার চাহিদা। ফ্রেডরিক হার্জ বার্গ তার প্রেষণা তত্ত্বে প্রেষণার ক্ষেত্রে দুই প্রকার উপাদানের কথা উল্লেখ করেছেন যথা: উদ্দীপনামুলক ও অতৃপ্তি দায়ক উপাদান। উদ্দীপনামুলক উপাদান হলোঃ কাজের সাফল্য, উন্নতির স্বীকৃতি, ব্যক্তিগত অগ্রগতি, উন্নতির সম্ভাবনা ও দায়িত্ব। অতৃপ্তি

দায়ক উপাদান হলো: কোম্পানির নীতি ও প্রশাসন, মজুরী, ব্যক্তিগত জীবন, চাকরীর নিরাপত্তা, পদমর্যাদা, কারিগরি তত্ত্বাবধান ও পারিপার্শ্বিক অবস্থা।

ম্যাকগ্রেগর প্রেষণার ক্ষেত্রে 'X' ও 'Y' তত্ত্ব দিয়েছেন। 'X' তত্ত্বের মূল কথা হল মানুষ কাজ অপছন্দ করে তাই সে কাজে ফাঁকি দেয়।এই তত্ত্বে কর্মীদেরকে যন্ত্রপাতির সমতুল্য মনে করা হয়। মানুষ হিসেবে ব্যবস্থাপনার কাছে তাদের কন মূল্য নেই। এখানে কর্মীদের কাছ থেকে কাজ আদায় করতে ভয়ভীতি, বলপ্রয়োগ, কঠোর শাস্তির ভয় দেখানোর প্রয়োজন পরে। 'Y' তত্ত্ব অনুযায়ী কর্মীরা খেলাধুলার মত কাজকে পছন্দ করে। তাই সে কাজে ফাঁকি দেয়না। এখানে কর্ম সম্পাদনের জন্য কর্মীকে ভয়ভীতি প্রদর্শন বা বলপ্রয়োগ করার প্রয়োজন হয় না। এতে প্রত্যেক কর্মী স্ব-উদ্যোগে তার অর্পিত দায়িত্ব পালন করে। এই তত্ত্ব অনুসারে আত্মমর্যাদা রক্ষা এবং উন্নত চাহিদা পুরণের জন্য মানুষ কাজ করে। পরিচ্ছন্নতা কর্মীদের প্রেষণার জন্য নিম্নোক্ত পদক্ষেপ নেয়া যেতে পারে:

(ক) ময়লা আর্বজনা অপসারণ কার্যক্রমে নিয়োজিত পৌরসভার কর্মকর্তা-কর্মচারীসহ পরিচ্ছন্নতা কর্মীদের সাথে নির্দিষ্ট সময় অন্তর উন্মুক্ত আলোচনা করা;
(খ) পরিচ্ছন্নতা কর্মীদের ভালো কাজের জন্য পুরস্কার প্রদানের ব্যবস্থা করা;
(গ) পরিচ্ছন্নতা কর্মীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করা;
(ঘ) পরিচ্ছন্নতা কর্মীদের ঝুঁকি ভাতার ব্যবস্থা করা;
(ঙ) বাজার মূল্যে পরিচ্ছন্নতা কর্মীদের বেতন প্রদান;
(চ) পরিদর্শন কাজ সঠিকভাবে করার জন্য যানবাহনের ব্যবস্থা করা;
(ছ) সুরক্ষা সামগ্রী সরবরাহ করা; এবং
(জ) প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ।

৮.৫.৮ প্রশিক্ষণের ব্যবস্থা করা

আবর্জনা সংগ্রহ ও পরিবহনে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী ব্যবহার এবং স্বাস্থ্য সুরক্ষা সম্পর্কে পরিচ্ছন্নতা কর্মীদের পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। পাশাপাশি সংশ্লিষ্ট যানবাহন ও যন্ত্রপাতি পরিচালনায় হাতে-কলমে প্রশিক্ষণের প্রয়োজন রয়েছে।

৮.৫.৯ ভ্রাম্যমান কোর্ট পরিচালনা করে জরিমানা করা

পৌরসভার বিদ্যমান আইন অনুযায়ী স্থানীয় প্রশাসনের সহায়তায় মোবাইল কোর্ট পরিচালনার বিধান থাকলেও এ ব্যপারে পৌর প্রশাসনের অনীহা রয়েছে। অধিকাংশ পৌর প্রশাসন জনপ্রিয়তা হারানোর ভয়ে এবং ঝামেলা এড়ানোর জন্য এ কাজ করতে আগ্রহী নন। তাছাড়া জরিমানার পরিমাণও নিতান্তই কম। নির্দিষ্ট বিরতিতে মোবাইল কোর্ট পরিচালনা করে দৃষ্টান্ত তৈরি করে সেটা প্রচার করা হলো জনগণ আইনের প্রতি শ্রদ্ধাশীল হবে এবং বর্জ্য ব্যবস্থাপনায় সচেষ্ট হবে। পাশাপাশি জরিমানার পরিমান বিশ হাজার টাকায় উন্নীত করা যেতে পারে।

৮.৫.১০ কন্‌জারভেন্সি ইন্সপেক্টর ও সুপারভাইজারদের যাবাহনের ব্যবস্থা করা

আবর্জনা সংগ্রহ ও পরিবহন যথাযথ ভাবে হচ্ছে কি না সেটা তদারকি করার জন্য কন্‌জারভেন্সি ইন্সপেক্টর ও সুপারভাইজারদের মটর সাইকেল ও জ্বালানী তেল সরবরাহ করা প্রয়োজন। পাশাপাশি স্মার্ট ফোন সরবরাহ করা হলে ডিজিটাল অ্যাপস ব্যবহার করে তদারকি জোরদার করতে পারবে।

৮.৫.১১ সিবিও গঠন

বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম জোরদার ও সুসংহত এবং জনসচেতনা বৃদ্ধির লক্ষ্যে সিবিও গঠন করা প্রয়োজন। সিবিওগুলো নির্ধারিত সময় ও জায়গায় ময়লা ফেলা এবং সংগহে জনমত গঠন করতে কাজ করে। এ ক্ষেত্রে পৌরপরিষদ কর্তৃক সিবিওকে প্রশাসনিক সহযোগিতা, প্রয়োজনীয় অর্থ যোগান, বর্জ্য ব্যবস্থাপনায় পরিচ্ছন্নতা কর্মীদের আবাসনের ব্যাবস্থা করা প্রয়োজন।

৮.৫.১২ নিয়মিত সভা সেমিনার করার জন্য বাজেট রাখা

বর্তমান সময়ে সভা সেমিনার আয়োজন করতে বেশ অর্থের প্রয়োজন হয়। অনেক পৌরসভায় অর্থের স্বল্পতা হেতু বা ক্ষেত্রমতে অসাবধনতা বশত: বাজেটে পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখা হয় না। অতএব বাজেট করার সময় বিভিন্ন সভা সেমিনার ও প্রচার প্রচারণার জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ রাখা প্রয়োজন।

৮.৫.১৩ বিদ্যমান আইন সংস্কার ও প্রয়োগের ব্যবস্থা করা

বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত যে সকল আইন রয়েছে অধিকাংশ পরিবেশ অধিদপ্তরের। সেখানে পৌরসভার সরাসরি সংস্রব নাই। সুতরাং জরুরী ভিত্তিতে বর্জ্য ব্যবস্থাপনা আইন ও নীতিমালা সংস্কার করে পৌরসভার ভূমিকা পরিষ্কার করা এবং আইন প্রয়োগ উদ্যোগ গ্রহণ করা দরকার ।

৮.৫.১৪ খাল-বিল দূষণের হাত থেকে রক্ষা করে মৎস সম্পদ সমৃদ্ধ করা

পৌরসভার মধ্যে যে সকল খাল-বিল রয়েছ সেখানে বর্জ্য না ফেলে পুনঃখনন করে প্রবাহমান করা। পাশাপাশি বিভিন্ন প্রজাতির মৎস্য অবমুক্ত করে মৎস্য সম্পদ সমৃদ্ধ করা যেতে পারে।

৮.৫.১৫ বর্জ্যের পুন:ব্যবহার উৎসাহিত করা

অনেক বর্জ্য আছে যে গুলো ফেলে না দিয়ে পুনঃব্যবহার করা যায়। যেমন বাজার করার জন্য একটি কাপড় কিংবা পাটের ব্যাগ সাথে থাকলে দোকান থেকে প্লাস্টিক/ কাগজের ব্যবহার কমে যাবে। এই ব্যাগ বার বার ব্যবহারযোগ্য। ফলে গাছ সংরক্ষণ হবে । কফি ক্যান, জুতার বক্স, এবং পাত্রে মানুষের অন্য ধরণের জিনিস সঞ্চয় বা মজার চারু ও কারুশিল্প প্রকল্প হতে পারে। জামাকাপড়, খেলনা, আসবাবপত্র, এবং আপনি আর ব্যবহার করতে না চাইলে সেগুলো ফেলে না দিয়ে নিকট কোন আত্মীয়কে দেয়া যেতে পারে, বিক্রি করা যেতে পারে বা অন্যকে অনুদান হিসেবেও দেয়া যেতে পারে। একটি কাগজ ব্যবহারের ক্ষেত্রে উভয়পার্শ্ব ব্যবহার করলে কাগজ সাশ্রয় হবে। কোন উপহার সামগ্রী মোড়কের জন্য চকচকে কাগজ না কিনে বাসার পুরোনো বইয়ের পাতা/ক্যালেন্ডার/পত্রিকা ইত্যাদি দিয়ে মোড়ক করলে নতুনত্ব আসবে পাশাপাশি অর্থ সাশ্রয় হবে। প্লাস্টিক প্লেট, চামচ, থালার পরিবর্তে এলুমিনিয়ামের পাত্র ব্যাবহার করা। পুরাতন কাপড় আত্মীয়-স্বজনের মাঝে বিতরণ করা যেতে পারে। ঘরের পুরাতন কাপড় দিয়ে খুব সুহজেই একটা সুন্দর মোরা/ সোফ/ চেয়ার তৈরি করা সম্ভব। কিংবা সেভেন আপ খেয়ে বোতলের তলার অংশটি কেটে সুন্দর একটি ফুলের টব তৈরি করা যেতে পারে।

৮.৫.১৬ বর্জ্য থেকে নতুন নতুন পণ্য উৎপাদন করা

দৈনিক অনেক জিনিসই ব্যবহার করা হয়, যেমন কাগজের ব্যাগ, কোক ক্যান, দুধের কৌটার মতো এমন আরো অনেক জিনিস যা প্রতিদিন ব্যবহার থেকে পুনর্ব্যবহৃত হতে পারে। একটি সঠিক প্রক্রিয়ার মাধ্যমে একই পণ্য কিংবা পুরাতন পণ্য থেকে নতুন কোন পণ্য তৈরি করা। নতুন কোনো পণ্য কিনতে গেলে পুনঃব্যবহার করা যায় এবং যার থেকে ঐরকম কিছু তৈরি করে ফেলা যায় এমন পণ্য কেনা যেতে পারে। যেমন, কাগজ থেকে গ্রিটিংস কার্ড, কাপড় থেকে গার্বেজ ব্যাগ, ইত্যাদি সহজেই তৈরি করা যায়। গলে যাওয়া মোমগুলোকে একসাথে গলিয়ে সুন্দর সুন্দর পুতুল/ খেলনা/ শোপিস তৈরি করা সম্ভব। কিংবা চাইলে নিজেই আবার মোমবাতি তৈরি করা সম্ভব। এর জন্য একটু পড়াশুনা কিংবা প্রশিক্ষণ নিলেই হল। তবে একটি নষ্ট হয়ে যাওয়া বৈদ্যুতিক বাতির ভিতরে মোম ঢুকিয়ে সহজেই একটি পেপার ওয়েট তৈরি করা যায়। টুকরা কাগজগুলোকে সিদ্ধ করে মণ্ড তৈরি করেও পেপার ওয়েট থেকে কার্ডের জন্য কাগজ বানানো যায় ঘরে বসেই কোন যন্ত্র কিংবা বাড়তি ঝক্কি ঝামেলা ছাড়াই। পৃথিবীতে শুধু পানি যা সবসময় পুনর্ব্যবহৃত হয়। পানি ক্রমাগত বাষ্পীভবন, ঘনীভবন, এবং বৃষ্টিপাত চক্রের মাধ্যমে চলে আসে। কিন্তু এমন করে প্রায় সব জিনিস এই পুনর্ব্যবহারযোগ্য করে তোলা সম্ভব। যার জন্য দরকার পরিবেশের প্রতি সচেতনতা এবং নিজের দায়িত্বশীলতার পরিচয় দেয়া।

৮.৫.১৭ বর্জ্য থেকে শক্তি উৎপাদন করা

বর্জ্য পুড়িয়ে বিদ্যুৎ, গ্যাস, জ্বালানী তেল প্রভৃতি উৎপাদন করা যায়। বর্তমানে আমাদের দেশেও বিভিন্ন যায়গায় পরীক্ষামূলকভাবে বর্জ্য থেকে শক্তি উৎপাদন করা হচ্ছে। বিশ্বের প্রায় সব উন্নত দেশে থাকলেও দেশে প্রথমবারের মতো ঘটনা এটি। ঢাকায় তুরাগ নদীর কাছাকাছি ঢাকা উত্তর সিটি করপোরেশনের আওতাধীন আমিন বাজার এলাকায় বর্জ্য থেকে উৎপন্ন হবে বিদ্যুৎ। কারখানা করবে চায়না মেশিনারি ইঞ্জিনিয়ারিং করপোরেশন (সিএমইসি) ৪২ দশমিক ৫ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন এ বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে ব্যয় হবে ১৫ হাজার ৩২৫ কোটি টাকা। বর্জ্য পুড়িয়ে বিদ্যুৎ

উৎপাদন করা হবে। প্রতি কিলোওয়াট বিদ্যুতের দাম পড়বে ১৮ দশমিক ২৯৫ টাকা। প্রকল্প স্থাপন করা হবে ২৫ বছর মেয়াদি। বিদ্যুৎ বিভাগের আওতায় বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো) এই প্রকল্প বাস্তবায়ন করবে। [প্রথম আলো (অনলাইন ভার্সন)১৩ নভেম্বর, ২০২০]। খুলনা সিটি কর্পোরেশন দৌলতপুর-শাহপুর সড়কে শলুয়া বাজারের কাছে ১৭ একর জমি অধিগ্রহণ করে প্রকল্প হাতে নেয়া হয়েছে। বর্জ্য থেকে উৎপাদিত হবে ডিজেল ও কমপোস্ট সার এবং বায়োগ্যাস প্লান্ট থেকে উৎপাদিত গ্যাস থেকে হবে বিদ্যুৎ [বিডিনিউজ টোয়েনিটফোর ডটকম, জানয়ারি ৫, ২০২১। জামালপুর সদরের মঙ্গলপুর গ্রামের তৌহিদুল ইসলাম তাপস পলিথিন বর্জ্য থেকে তেল তৈরির যন্ত্র উদ্ভাবন করেছেন। এ যন্ত্র থেকে এলপি গ্যাস ও কার্বন উৎপাদনও সম্ভব। জেলা বিজ্ঞান মেলা ও বিভাগীয় বিজ্ঞান মেলায় পুরস্কৃত হয় তাঁর এই উদ্ভাবন। ২০০9 সালে তিনি প্রথমবারের মতো পলিথিন থেকে জ্বালানি গ্যাস উদ্ভাবনে সফল হন। তিনি গ্যাসটা রিজার্ভারে জমা করতে যেয়ে তার নীচে তেলের উপস্থিতি লক্ষ করেন। বাংলাদেশ সরকারের এটুআই প্রোগ্রামের দেশসেরা উদ্ভাবকের পুরস্কার পেয়েছেন তাপস। এরপর সরকারি অনুদানে জেলা শহরের পৌর বর্জ্য শোধনাগারে স্বল্প পরিসরে বসিয়েছেন পলিথিন থেকে তেল উৎপাদনের প্ল্যান্ট এর দৈনিক উৎপাদন ক্ষমতা ১০৫ লিটার। পরিপূর্ণভাবে চালু হলে এ প্ল্যান্ট থেকে তিন ধাপে তরল, গ্যাস ও কার্বন সংগ্রহ করা সম্ভব হবে ক্রুড অয়েল মেশিনে নেয়ার পর নির্দিষ্ট একটা তাপমাত্রায় হিট করার পর পেট্রোল পাওয়া যায়, আবার তাপ বাড়ালে ডিজেল পাওয়া যায়, তখন আবারও যদি তাপমাত্রা বাড়ালে কেরোসিন বের হয়।

৮.৫.১৮ পৌরসভা কর্তৃক বাৎসরিক বরাদ্দ বাড়ানো

পৌরসভার নিজস্ব আয় দিয়ে জনগণের সেবা প্রদানের আইনগত ক্ষমতা রয়েছে। সুতরাং পৌরসভাসমূহকে বার্ষিক বাজেটে বর্জ্য ব্যবস্থাপনা খাতে পর্যাপ্ত পরিমাণ বরাদ্দ রাখা প্রয়োজন।

৮.৫.১৯ পৌরসভার সরকারি আর্থিক ও কাররিগরী সহায়তা বৃদ্ধি

পৌরসভার আর্থিক সামর্থ্যভেদে সরকারী আর্থিক ও কারিগরী সহয়তা বাড়ানো প্রয়োজন। এমন অনেক পৌরসভা আছে যাদের বেতন-ভাতা দিতেই হিমশিম খেতে হয়। সে সকল পৌরসভাকে সরকারী আর্থিক ও কারিগরী সহয়তা বাড়ানো দরকার ।

৯। গবেষণায় প্রাপ্ত উল্লেখযোগ্য ফলাফল

(ক) গৃহস্থালী বর্জ্যের পাশাপাশি ইলেক্ট্রনিক বর্জ্য, বিষাক্ত ও ঝুকিপূর্ণ বর্জ্য, তেজস্ক্রিয় বর্জ্য এবং চিকিৎসা বর্জ্য দিন দিন আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। পৌর এলাকায় গৃহস্থালী বর্জ্যের কিছুটা ব্যবস্থাপনা থাকলেও ইলেক্ট্রনিক বর্জ্য, বিষাক্ত ও ঝুকিপূর্ণ বর্জ্য, তেজস্ক্রিয় বর্জ্য এবং চিকিৎসা বর্জ্যের কোন ব্যবস্থাপনা নেই।

(খ) পৌরসভাগুলোতে স্বাস্থ্য শাখায় জনবলের ব্যাপক ঘাটতি রয়েছে। সমীক্ষায় দেখা যায় ২১টি পৌরসভার মধ্যে ১৯টি পৌরসভায় স্বাস্থ্য কর্মকর্তা, ৫টি পৌরসভায় কনজারভেন্সি ইন্সপেক্টর ও ৫টি পৌরসভায় সুপারভাইজার পদ শূণ্য রয়েছে।

(গ) সকল পৌরসভায় স্থায়ী কমিটি, ওয়ার্ড কমিটি এবং শহর সমন্বয় কমিটি (টিএলসিসি) গঠন করা হয়েছে। এ সকল কমিটির মাধ্যমে কম-বেশি বর্জ্য ব্যবস্থাপনার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে।

(ঘ) আইনানুযায়ি পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনায় বেসরকারী খাতের অংশগ্রহণের সুযোগ থাকলেও খুব সামান্য পৌরসভায় এ উদ্যোগ চলমান রয়েছে।

(ঙ) বর্জ্য ব্যবস্থাপনায় অসহযোগিতা পৌরসভা আইনে আমলযোগ্য অপরাধ হলেও বেশিরভাগ পৌরসভা জনপ্রিয়তা হারানোর ভয়ে এ বিষয়ে অগ্রসর হতে অনাগ্রহী।

(চ) আয়তন ও জনসংখ্যা অনুপাতে পৌরসভাগুলোতে পরিচ্ছন্নতাকর্মীর স্বল্পতা রয়েছে। গড়ে ১১৩৭ জন লোক সংখ্যার বিপরীতে ১ জন

পরিচ্ছন্নতা কর্মী বা অন্যভাবে বলতে গেলে গড়ে ০.১৩ বর্গ কি:মি: এলাকার জন্য ১ জন পরিচ্ছন্নতা কর্মী বিদ্যমান রয়েছে।

(ছ) পরিচ্ছন্নতাকর্মীদের সুরক্ষা সামগ্রী, আধুনিক পরিচ্ছন্নতা সামগ্রী ও যানবাহন, পরিদর্শন ও তদারকির জন্য যানবাহন, মেবাইল, ইত্যাদির ঘাটতি রয়েছে।

(জ) পরিচ্ছন্নতা কর্মীর মজুরী বর্তমান বাজার দর এবং সরকার নির্ধারিত হারের চেয়ে অনেক কম। তাদেরকে স্বাস্থ্য ও এমনকি জীবনের ঝুঁকি নিয়ে ঝুঁকি ভাতা এবং ওভার টাইম মজুরী ছাড়াই নির্ধারিত সময়ের অতিরিক্ত কাজ করতে হয়।

(ঝ) নগরবাসী ও অন্যান্য অংশীজনের মধ্যে সচেতনতার অভাব রয়েছে।

(ঞ) পৌরসভার শ্রেণি অনুযায়ী আর্থিক সামর্থ্যের তারতম্য রয়েছে।

(ট) আবর্জনা সংগ্রহ, পরিবহন ও ব্যবস্থাপনায় নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণের কারগিরী দক্ষতার অভাব রয়েছে।

১০। সুপারিশ ও উপসংহার

(ক) সভা, সেমিনার, মতবিনিময়, লিফলেট বিতরণ, র‍্যালী, অনলাইন বিজ্ঞাপন, বিলবোর্ড স্থাপন, ভিডিও প্রদর্শনী, বিভিন্ন অংশীজনের সাথে আলোচনার মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি করা।

(খ) বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম জোরদার করার নিমিত্ত ভ্রাম্যমান কোর্ট পরিচালনা করা। বিদ্যমান জরিমানার পরিমাণ ২,০০০ (দুই হাজার) টাকা হতে ২০,০০০ (বিশ হাজার) টাকায় উন্নীত করা।

(গ) পরিচ্ছন্নতা শাখায় জনবল বৃদ্ধি করা এবং অবিলম্বে শূণ্য পদে লোক নিয়োগ করা।

(ঘ) পরিচ্ছন্নতা কর্মীদের কার্যক্রমে তদারকি আরো জোরদার করা।

(ঙ) পরিচ্ছন্নতা কর্মীদের ন্যায্য মজুরী, বোনাস, বাসস্থান সুবিধা, চিকিৎসা সুবিধা, পরিবহণ সুবিধা, পদোন্নতি, পুরস্কার, বীমা, অতিরিক্ত কাজের পারিশ্রমিক, চাকরীর নিরাপত্তা, উপযুক্ত কাজের পরিবেশ, আকর্ষণীয় কাজ, ব্যাক্তিগত ক্ষমতা ও অধিকার, মত প্রকাশের স্বাধীনতা, ভাল ব্যবহার, বিনোদনের ব্যবস্থা, প্রশিক্ষনের সুযোগ, শ্রমিক সংঘ গঠনের সুযোগ, প্রভৃতির মাধ্যমে প্রেষণা প্রদান করা।

(চ) পরিচ্ছন্নতা কর্মীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করা।

(ছ) কন্‌জারভেন্সি ইন্সপেক্টর ও সুপারভাইজারদের যাবাহনের ব্যবস্থা করা।

(জ) বর্জ্য ব্যবস্থাপনায় থ্রি আর [3R হল REDUCE (কমানো), REUSE (পুন:ব্যবহার), RECYCLE (পুন:ব্যবহারযোগ্য)] এর ব্যবহার জোরদার করা। বর্জ্যের পুন:ব্যবহার উৎসাহিত করা, বর্জ্য থেকে নতুন নতুন পণ্য উৎপাদন করা এবং বর্জ্য থেকে শক্তি উৎপাদন করা।

(ঝ) পৌরসভার সরকারি আর্থিক ও কাররিগরী সহায়তা বৃদ্ধি করা। এবং

(ঞ) সিবিও গঠন করে বর্জব্যবস্থাপনা কার্যক্রম জোরদার করা।

সংযুক্তি -১: সমীক্ষা এলাকার তথ্য।

ক্র. নং	পৌরসভার নাম	আয়তন (ব.কি:মি:)	জনসংখ্যা (লক্ষ)	পরিচ্ছন্নতা কর্মী		পরিচ্ছন্নতা কর্মী প্রতি জনসংখ্যা	প্রতি পরিচ্ছন্নতা কর্মীর এলাকা (ব.কি:মি:)
				সংখ্যা	মজুরী (টাকা/দিন)		
১.	সাভার	১৪.০৮	৮.০০	১৬৫	১৫০-৪০০	৪৮৪৮	০.০৯
২.	বগুড়া	৬৯.৫৬	১০.০০	৬৪১	৭৫-২২০	১৫৬০	০.১১
৩.	পাবনা	২৭.২০	২.২০	৪৮০	৪৫-৩২০	৪৫৮	০.০৬
৪.	ঈশ্বরদী	৩১.১০	১.০৩	৯০	১৬৬-২২০	১১৪৪	০.৩৫
৫.	নওগাঁ	৩৮.৩৬	১.৮৫	৩৫০	৩৪-৩৩৪	৫২৯	০.১১
৬.	সিরাজগঞ্জ	২৮.৪৯	৪.৫০	৪৭০	৫০-২৬৭	৯৫৭	০.০৬
৭.	উল্লাপাড়া	১২.৭৬	০.৬৪	১০৫	১০০-৪০০	৬১০	০.১২
৮.	বনপাড়া	১১.৬৩	০.৩৬	১৪	২০০-৩০০	২৫৭১	০.৮৩
৯.	নাটোর	১৪.৪০	১.০৩	৭৮	৭০-৩৪৬	১৩২১	০.১৮
১০	গুরুদাসপুর	১১.৪৩	০.৪২	৩৫	১০০-১৬৭	১২০০	০.৩৩
১১	কুড়িগ্রাম	২০.২৭	১.৮৫	১২০	৩০০-৩৫০	১৫৪২	০.১৭
১২	মাগুরা	৪৪.৪৯	১.৩১	১৬৮	৬৭-১৬৭	৭৮০	০.২৬
১৩	মোরেলগঞ্জ	৬.০০	০.৩০	৫	২০০	৬০০০	১.২০
১৪	ঝিনাইদহ	৩২.৪২	১.৮৮	১১০	৪৭-১১৭	১৭০৯	০.২৯
১৫	যশোর	১৪.৭২	৪.৪৮	৫০০	৭০-১৫০	৮৯৬	০.০৩

১৬	মনিরামপুর	১৬.৫৫	০.৩৯	২৭	১৬৭-৩৩৪	১৪৪৪	০.৬১
১৭	নোয়াপাড়া	২৪.০৬	১.১২	৭৩	৬০-২৩৪	১৫৩৪	০.৩৩
১৮	কুষ্টিয়া	৪২.৭৯	২.৩৯	৩৯৯	৫০-২৭০	৫৯৯	০.১১
১৯	রাজবাড়ী	১১	১.০০	৯৭	৭০-১৫৪	১০৩১	০.১১
২০	পাংশা	১২.৫২	০.৩৭	৪৩	১৩৪-১৮৪	৮৬০	০.২৯
২১	চুয়াডাঙ্গা	৩৭.৩৯	১.৪৪	১২৫	৭০-২৪০	১১৫২	০.৩০

সূত্র: গবেষক এর নমুনা জরিপ (২০২১)।

সংযুক্তি -২: সমীক্ষা এলাকার তথ্য।

ক্রমিক নং	পৌরসভার নাম	কন্‌জারভেন্সি ইন্সপেক্টর		সুপারভাইজার		স্বাস্থ্য কর্মকর্তা (সংখ্যা)
		(সংখ্যা)	যানবাহন (হ্যাঁ/না)	(সংখ্যা)	যানবাহন (হ্যাঁ/না)	
১.	সাভার	১	হ্যাঁ	৪	না	১
২.	বগুড়া	শূন্য	হ্যাঁ	২	হ্যাঁ	শূন্য
৩.	পাবনা	১	হ্যাঁ	১৫	হ্যাঁ	শূন্য
৪.	ঈশ্বরদী	১	না	৪	না	শূন্য
৫.	নওগাঁ	শূন্য	হ্যাঁ	১	না	শূন্য
৬.	সিরাজগঞ্জ	১	না	২*	না	১
৭.	উল্লাপাড়া	১	না	শূন্য	না	শূন্য
৮.	বনপাড়া	১	না	১	না	শূন্য
৯.	নাটোর	১	না	শূন্য	না	শূন্য
১০.	গুরুদাসপুর	১	না	১	না	শূন্য
১১.	কুড়িগ্রাম	১	হ্যাঁ	৫	না	শূন্য
১২.	মাগুরা	১	না	১	না	শূন্য
১৩.	মোরেলগঞ্জ	শূন্য	না	শূন্য	না	শূন্য
১৪.	ঝিনাইদহ	১	না	৩	না	শূন্য
১৫.	যশোর	৪	না	৮	না	শূন্য
১৬.	মনিরামপুর	শূন্য	না	শূন্য	না	শূন্য
১৭.	নোয়াপাড়া	১	না	১	না	শূন্য
১৮.	কুষ্টিয়া	১	হ্যাঁ	১৪	২/ না	শূন্য
১৯.	রাজবাড়ী	১	হ্যাঁ	২	১	শূন্য
২০.	পাংশা	শূন্য	হ্যাঁ	শূন্য	না	শূন্য
২১.	চুয়াডাঙ্গা	১	না	২	না	শূন্য

সূত্র: গবেষক এর নমুনা জরিপ (২০২১)।

* অন্য সেকশনে কাজ করে।

সংযুক্তি -৩: সমীক্ষা এলাকার তথ্য।

ক্র. নং	পৌরসভার নাম	গারবেজ ট্রাক	গারবেজ ভ্যান/ট্রলি	ডাম্পিং গ্রাউন্ড (হ্যাঁ/না)	নিজস্ব আয় (কোটি টাকা) ২০১৯-২০২০	সিবিও (হ্যাঁ/না)	সময়মত বেতন (হ্যাঁ/না)
১.	সাভার	৭	৭৫	না	১৪	না	হ্যাঁ
২.	বগুড়া	৮/১৬	১৯১/৭৬	হ্যাঁ/২টি	২০.১২	হ্যাঁ/১৪৮টি	হ্যাঁ
৩.	পাবনা	১০	৬০	হ্যাঁ	১৬	না	হ্যাঁ
৪.	ঈশ্বরদী	৩	৪	হ্যাঁ	৬	না	হ্যাঁ
৫.	নওগাঁ	৩	৯	হ্যাঁ	৬.৫	হ্যাঁ	হ্যাঁ
৬.	সিরাজগঞ্জ	৯	৬**	হ্যাঁ	৯.৫	হ্যাঁ	হ্যাঁ
৭.	উল্লাপাড়া	৬	১৪	হ্যাঁ	৫.৪৭	না	হ্যাঁ
৮.	বনপাড়া	৫	৫	হ্যাঁ	২.১৮	না	হ্যাঁ
৯.	নাটোর	৪	৪	হ্যাঁ	৫.৭৪	না	হ্যাঁ
১০	গুরুদাসপুর	৩	৪	হ্যাঁ	২.৪৭	না	হ্যাঁ
১১	কুড়িগ্রাম	৫	৬	হ্যাঁ	৫.৩২	হ্যাঁ	হ্যাঁ
১২	মাগুরা	৫	৩০	হ্যাঁ	৫	না	হ্যাঁ
১৩	মোরেলগঞ্জ	৩	২	না	১.৫	না	হ্যাঁ
১৪	ঝিনাইদহ	৩	২২	হ্যাঁ	৩.৬৬	না	হ্যাঁ
১৫	যশোর	২১	২৩০	হ্যাঁ***	২২	না	হ্যাঁ
১৬	মনিরামপুর	৩	৪	হ্যাঁ	৩	হ্যাঁ	হ্যাঁ
১৭	নোয়াপাড়া	৪	৭	না	৪.১৫	না	হ্যাঁ
১৮	কুষ্টিয়া	১১	৫০/২৭	হ্যাঁ	১৬.৫১	না	হ্যাঁ
১৯	রাজবাড়ী	৩	২৪	হ্যাঁ	৮	না	হ্যাঁ
২০	পাংশা	৩	৭	হ্যাঁ	১.৭০	না	হ্যাঁ
২১	চুয়াডাঙ্গা	৬	১৯	হ্যাঁ	৬	না	হ্যাঁ
	মোট						

সূত্র: গবেষক এর নমুনা জরিপ (২০২১)।

** ব্যাক্তিগত উদ্যোগে

*** ১৪ একর

তথ্যসূত্রঃ

১. Bangladesh. Ministry of Environment and Forests. (2010). *National 3R Strategy for Waste Management*. Dhaka: Department of Environment.

২. Bangladesh. Ministry of Environment and Forests. (2007). *Biosafety Guidelines of Banglades*h. Dhaka: Department of Environment.

৩. Bangladesh. Ministry of Science and Technology. (2019). National Policy for the Management of Radioactive Waste and Spent Nuclear Fuel-2019. Dhaka. BG Press.

৪. বাংলাদেশ জাতীয় সংসদ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (১৯৯৫)। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫। ঢাকা। বিজি প্রেস।

৫. বাংলাদেশ জাতীয় সংসদ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (২০০০)। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন) আইন, ২০০০। ঢাকা। বিজি প্রেস।

৬. বাংলাদেশ জাতীয় সংসদ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (২০০২)। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন) আইন, ২০০২। ঢাকা। বিজি প্রেস।

৭. বাংলাদেশ জাতীয় সংসদ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (২০১০)। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ (সংশোধন) আইন, ২০১০। ঢাকা। বিজি প্রেস।

৮. বাংলাদেশ জাতীয় সংসদ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (২০০০)। বাংলাদেশ পরিবেশ আদালত আইন, ২০০০। ঢাকা। বিজি প্রেস।

৯. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (১৯৯৭)। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭। ঢাকা। বিজি প্রেস।

১০. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (১৯৯৭)। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা (সংশোধিত ফেব্রুয়ারি), ১৯৯৭। ঢাকা। বিজি প্রেস।

১১. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (১৯৯৭)। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা (সংশোধিত আগস্ট), ১৯৯৭। ঢাকা। বিজি প্রেস।

১২. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (১৯৯৭)। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা (সংশোধিত ২০০৫), ১৯৯৭। ঢাকা। বিজি প্রেস।

১৩. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (১৯৯৭)। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা (সংশোধিত ২০১০), ১৯৯৭। ঢাকা। বিজি প্রেস।

১৪. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (১৯৯৭) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা (সংশোধিত ২০১৭), ১৯৯৭। ঢাকা। বিজি প্রেস।

১৫. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (১৯৯৭)। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ বিধিমালা (সংশোধিত ২০২০), ১৯৯৭। ঢাকা। বিজি প্রেস।

১৬. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (২০১৬)। প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা বিধিমালা, ২০১৬। ঢাকা। বিজি প্রেস।

১৭. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (২০০৮)। চিকিৎসা-বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮। ঢাকা। বিজি প্রেস।

১৮. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (২০১১)। বিপদজনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১। ঢাকা। বিজি প্রেস।

১৯. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (২০১৯)। ইলেকট্রিক্যাল এবং ইলেক্ট্রনিক পণ্য হইতে সৃষ্ট বর্জ্য (ই-বর্জ্য) ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৯ (খসড়া)। ঢাকা। বিজি প্রেস।

২০. বাংলাদেশ। পরিবেশ ও বন মন্ত্রণালয়। (২০১৮)। জাতীয় পরিবেশ নীতি, ২০১৮। ঢাকা। বিজি প্রেস।

২১. বাংলাদেশ। বাংলাদেশ জাতীয় সংসদ। (২০০৯)। স্থানীয় সরকার পৌরসভা) আইন, ২০০৯। ঢাকা। বিজি প্রেস।

২২. Nathanson. J.A. Encyclopedia Britanica. www.britanica.com. 2020.11.10.2021.01.05. https://www.britannica.com/technology/solid-waste-management

২৩. Maksud.A.K.M. et. al. POBA. www.pobabd.org. 2021.01.05. http://pobabd.org/view/activity_details/321

২৪. ড. সৈয়দ মোহাম্মদ এহসানুর রহমান, শারমিন ইসলাম ইভা, ২০১৯ পরিবেশ বিপর্যয়, বর্জ্য ব্যবস্থাপনা ও অর্থনৈতিক মুক্তি। বাংলানিউজটেয়েন্টিফোর.কম; আপডেট: ২১৩৯ ঘণ্টা, অক্টোবর ১৭, ২০১৯

২৫. তৌফিক উৎপল; সমকাল: প্রকাশ: ১২ অক্টোবর, ২০১৯

২৬. বগুড়া পৌরসভার বর্জ ব্যবস্থাপনার সাংগঠনিক গাইড বই।